* শ্রীশ্রীহকনাম *

কালন্নবি।

মুনসি তাজদ্দিন মহাম্মদ মরহুমের

ভ্রাতষ্পুত্র।

আমি

শ্রীমনিরদ্দিন আহাম্মদ।

দিনদার মোছলমান দিগের ফায়দার কারণ

লবাবল আখবার হইতে তরজমা

করিয়া নিজ এহতে

মাম হইতে।

কলিকাতা।

নুরিয়া প্রেসে প্রথমবার ছাপাইলাম।

বিডন ইষ্ট্রীট রামচাঁদ ঘোষের লেন

১৯ নম্বর ভবনে।

সন ১২৯১ সাল।

কালমনবি

তরজমা নবাবল আখবার।

বেহদ তারিফ সেই পাক পরওয়ারে। জে জন ইমান দিল থাকি আদমেরে ❀ আদমের অজুদেতে রুহ জে ফুঁকিল। তুফানে নাজাত নুহ নবিকে জে দিল ❀ গজবে হুকুম এয়ছা করে সে খোদায়। আদের কওমে ছাজা করিল হাওয়ায় ❀ জাহের করিতে সেহ আপনা মেহের। গোলজার করিয়া দিল আগ খোলিলের ❀ আছমানেতে তির মারে নমরুদ কুফর। মগজ ভসম তার করিল মচ্ছর ❀ দাউদে মাজেজা এয়ছা দিল সে বকসিয়া। লোহাকে করিত মোম হাত পরে লিয়া ❀ ছোলেমান নবিজিকে দিল সে ছরদারি। তাবে হৈয়া গেল ছারা দেও আর পরি ❀ সাহিতাজ ছের হৈতে কারুজে ছিনিয়া দোছরা কাহার ছেরে দেয় সে রাখিয়া ❀ জাহা চাহে তাহা করে বাদসা সে জব্বার। রাখে বা বিরান করে তারি এক্তিয়ার সাহি ও ছরদারি দাবি সেই জন পারে। তার কামে চুচেরা করিতে কেহ নারে ❀ বেসুমার গঞ্জ কারে দেয় সে খোদায়। দুক্ষ ও মেহনতে কেহ জেন্দেগি কাটায় ❀ সও টাকা মাহিনা সে দেয় কোন জনে। রুটী২ কোরে কেহ মরেন পরানে ❀

বিনে বাপে লাড়কা পয়দা কল্লে সে খোদায়। মাছুম লাড়কারে বুলি গোদিতে সেখায় ❁ সও বচ্ছরের মরা জেন্দা সেহ করে। খোদার ছেওয়ায় এহা অন্নে কেবা পারে ❁ সুখা জমিনেতে পয়দা করেন সে ঘাস। বিনে থুনি কাএম সে রেখেছে আকাস ❁ আহা কি কুদরত তার কেপারে বুঝিতে। দোস্ত বলে নবিজিকে ভেজে দুনিয়াতে ❁ তাঁর হাতে শুঁপে ফের বান্দা সবাকারে। সাফাএত করিবারে রোজ মহাস্বরে ❁ নাফ্‌ছিহ্ কবে জেদিন তামাম আম্বিয়া। উম্মতিহ্ আপে কহিবে কান্দিয়া ❁ উম্মত কারনে সদা রহে পেরেসান। দোস্তের নিকটে খোদা জিবরিলে পাঠান ❁ কহগে জিবরিল তুমি দোস্তকে ছালাম। আমার হুকুম জেয়ছা বাতাবে তামাম ❁ হুকুম আহকাম মত জেজন চলিবে। গজব ও আজাবে মেরা সেইত বাঁচিবে ❁ জে নাহি মানিবে মেরা হুকুম আহকাম। কেনারা না আছে তাকে দিব জাহান্নাম ❁ খোদার হুকুম এয়ছা পাইয়া জিবরিলে। হুকুম আহকাম এসে বাতায় রছুলে ❁ কি কামে আজাব হবে কিসেতে এহছান। জিবরিল আমিনে সব রছুলে বাতান ❁ আছহাব তামামে আপে দিত শুনাইয়া। ইয়াদ রাখিত কেহ রাখীত লিখিয়া ❁ ছহি হাদিছ নাম হইল এহার। কহিলেন এসে জাহা জিবরিল খোদার ❁ নবিজিকে জদি খোদা নাহিক ভেজিত। কোরান হাদিছ কিছু নাহি ওতরিত ❁ উম্মতের বাবে আপে না হৈলে সহায়। গোনাগার উম্মতের না ছিল উপায় ❁ হাজার দরুদ সেই নবিজির পরে আর তাঁর আল ও আছহাব সবাকারে ❁

সাএরের কালাম।

ত্রিপদি। শুনহ মমিন গন, কহি কিছু বিবরন, লবাবল আখবার নামে। কেতাব এক আরাবিতে, ছিল সেসে ফারেছিতে, লেখে ছুফি আব্দুল করিমে ❁ মুনসি তাজদ্দিন জেই,

চাচ্চা জান মেরা সেই,ফারেছি হৈতে লেখেন উর্দ্দুতে। উর্দ্দ হইতে সেসে,হইল জে বঙ্গভাসে, আমি হিন ভাতিজা হইতে কেতাব তরজমা কোরে, চাচ্চার ছামনে ধরে, দিয়া আমি হ-ইনু কেনার। চাচ্চাজী চুমিয়া লিল, ছহি খুব কোরে দিল মেলাইয়া দেখে আর বার ❁ শুন জত নেকজাত, লেখা গেল জতবাত, তামামী এ ছহি হাদিছের। আমল করিবে জেই ছাওাব পাইবে সেই,দোজাহানে হইবে বেহতের❁দেলে মেরা এবাসনা, আছিল ছেফাত ছানা, চাচ্চাজির লিখিতে থোড়াই ভাবি ফের দেল বিচে, লোকে নাহি কহে পিছে, লব্বা কি এ করেছে এয়ছাই ❁ এহাবি বুঝিতে পারি, ঘরনা হইয়া তাঁরি কিরুপেতে করিব বাখান। মেস্ককি সিন্দুকে পুরে, খোসবুকে রাখিতে পারে, দুর হৈতে টের পাওা জান ❁ মুল্লুকে২ আর সহরে২ তাঁর, নাম জারি আছে ঠাই২। দেসে২ ঘরে ঘরে, লোকে জে তারিফ করে, সেই ভাল প্রয়জন নাই ❁ কহি.ফের আরবার, নাম মেরা কেবলাগার, হাজি ছদরদ্দিন বলিয়া। ছারা বঙ্গ দেশ জুড়ে, নাম জারি সর্ব্বত্তরে; বেসি আর কিকাম লিখিয়া দোওা দিও জনে২, খোদা জেন দোজাহানে, ভালা করে এহা সবাকার। হিন মনিরদ্দি বলে, মমিনের পাওতলে, লেহ সবে ছালাম আমার ❁

পহেলা বাব আলেমের ফজিলতের বয়ান।

পয়ার। এক রোজ মছুদের বেটাকে হজরত। করিতে ছিলেন বসে এই নছিহত ❁ ওঠা বসা কর গিয়া আলেমের সাতে। জদি ও না পার তুমি কলম ধরিতে। এক রোজ বস জদি শুন নেকনাম। আজাদ করিলা জেয়ছা হাজার গোলাম আর চেয়ে দেখা আলেমের চেহেরাতে। বেহেতের হাজার ঘোড়া খয়রাত হইতে ❁আর হাজার বচ্ছরের এবাদত হৈতে ভাল তেরা আলেমেরে ছালাম করাতে❁আর কহিলেন এহা

নবিজী আপনে। একটী ফেকার মছলা জে আলেমে জানে॥ বড় জবরদস্ত সেই সয়তান উপর। হাজারআবেদ হৈতে সেজন বেহতর॥ আর জারা তাহাজ্জদ নামাজ গোজারে। আর জারা হাজার পরহেজগারি করে॥ এহা সবা হৈতে ভাল ফেকার আলেম। জাকে দেখে ডরে ভাগে সয়তান জালেম॥ আর ফরমেছেন এহা নবি ছরওর। আলেমের বুজরগি এত আবেদ উপর ॥ জেয়ছাই বুজরগি মোরে পাক ছোবহান। দিয়াছে ওম্মত পরে হৈয়া মেহেরবান॥ আর ফরমিছেন এহা সাফিওল ওম্মত। জে পিন্দে থড়ম এই করিয়া নিয়ত ॥ পড়িতে জাইব আমি কালাম খোদার। রাহে না চলিতে গোনা মাফ হবে তার॥ আর ফরমিছেন কর আলেমে খাতের। কেননা পেয়ারা এরা নজদিগে রব্বের॥ এহাওভি ফরমিছেন নবিজী সবায় খুসি হৈয়া আলেম পানে জেজন তাকায়॥ তাকান আর খুসি হইবার ছববেতে। ফেরেস্তা একপয়দা করেআল্লা পাকজাতে হাসর তলকঐ ফেরেস্তা আল্লার। মাফ চাহিবেক সেই ওাস্তে বান্দার॥ আর ফরমিছেন এবি রছুলে করিম। জেজন করিবে সদা আলেমে তাজিম ॥ সে জন তাজিম জেয়ছা করিল আমার। আমার তাজিমে হৈল তাজিম খোদার ॥ খোদাকে তাজিম নাকি জেজন করিবে। সক নাহি আছে সেহ বেহেস্তে জাইবে॥ আর ফরমিছেন শুয়ে থাকা আলেমের। ভালআছে এবাদত হৈতে জাহেলের॥ আর কহিছেন এহা নবি ফাএজ মাব জদি কেহ এলেমের শিখে এক বাব ॥ আমল তাহাকে করে কিম্বা করে নাই। হাজার রেকাত নফল হৈতে ভাল তাই ॥ আলেমের জেয়ারত করিবেক জেই। মেরা জেয়ারত জেয়ছা করিলেক সেই ॥ জেজন মিলিল ধোরে আলেমের হাতে। মিলিলেক জেয়ছা সেই এসে মেরা সাতে ॥ বসিল আলেম সাতে জেই নেককার। সে জেন বসিল এসে নিকটে আমার দুনিয়াতে জেজন বসিল মেরা সাতে। মেরাসাতে কেয়ামতে

বসিবে বেহেস্তে ❁ ফরমিছেন জেই এক ছবক পড়িল। ওস্তা দের সেই জন গোলাম হইল ❁

দোছরাবার লাএলাহার ফজিলতের বয়ান।

পয়ার। ফরমিছেন হাদিছেতে রছুল আল্লার। লাএলাহা কলেমা জেই পড়ে শওবার ❁ হররোজ শওবার জে জন মমিন। পড়িবে এ কলেমাকে করিয়া একিন ❁ কেয়ামতে সেহ এয়ছা আসিবে উঠিয়া। পুন্নিমার চান্দ যত ওজালা করিয়া ❁ ফরমিয়াছে এহা আর রছুলে আমিন। কেহ জদি দেলে খুব করিয়া একিন ❁ লাএলাহা কলেমাকে পড়ে এক বার। সক নাহি জাবে সেহ বেহেস্ত মাঝার ❁ ফরমিয়াছে রছুলুল্লা বলেছে খোদায়। লাএলাহা শেস তক জে কোন বান্দায় ❁ একবার জদিস্বাত আনে জোবানেতে। দাখেল হইল সেহ আমার কেলাতে ❁ আমার কেলাতে এসে জে জন পৌছিল। আমার আজাব হৈতে রেহাই পাইল ❁ ফর-মিয়াছে মহাম্মদ মোস্তফা সবায়। বদনের জাকাত সবে করহ আদায় ❁ লাএলাহা কলেমা জে জোবানে চালায়। বদনের জাকাত সেহ করিল আদায় ❁ আর ফরমিয়াছে জদি কোন নেককার। লাএলাহা এল্লাল্লাকে কহে একবার ❁ আল্লাতালা কহে ঠিক আমার বান্দায়। কহিতেছে নাহি কেহ তোমার ছেওয়ায় ❁ মহাম্মদ মস্তফা জেই হবিব আমার। ঠীক২ দিছে এরা প্রমান তাহার ❁ সোনহ ফেরেস্তা জত তোমরা সবায়। গাওা রহ মাফ আমি করিনু এহায় ❁ ফরমিয়াছে লাএলাহা জে জন কহিল। সেরেক হইতে ছাফ সে জন হইল ❁ সেরেক জাহের আর বাতেন হইতে। পাক হৈয়া বেহেছাব জাইবে জেন্নতে ❁ ফরমিয়াছে এহা ফের আপনি হজরত। জে জন করিবে এয়ছা হামেসা আদত ❁ লাএলাহাএল্লাল্লা পহেলা কথার। শেসেওভি লাএলাহা হইবে তাহার ❁ দেলেভি আ-

মল এই কলেমা করিবে। হাজার বুরাই জাদ করিয়া থাকিবে এক বুরাইর তঁার এলাহি জাল্লাল। হাজার বচ্ছরে নাহি পুছিবে ছওাল ❁ ফরমিয়াছে এহা আপে আলেহেচ্ছালাম। একিদার সাতে খুব জেই নেকনাম ❁ লাএলাহা পড়িবে জে তার ছববেতে। পাখি এক উড়িবেক আরশ নিচেতে ❁ আরশের নিচে হৈতে সেই জানওার। তছবি পড়িবে বসে সাতে ফেরেস্তার ❁ কেয়ামত তক জত তছবি পড়া জাবে। তাহার ছওাব ঐ মমিন পাইবে ❁ লাএলাহা একবার জে জন কহিবে জত গোনা আছে খোদা মাফ করে দিবে ❁ কাফ দরিয়ার এয়ছা জদি থাকে গোনা। মাফ কোরে দিবে সব এলাহি রব্বানা ❁ ফরমিয়াছে রছুলুল্লা মমিন জে হয়। কবরস্থান দেখে জদি এই দোওা কয় ❁ তামাম কবর এতে হইবে রৌসন। আর বক্সে দিবে দোওা পড়িবে জে জন ❁ হাজার২ নেকি তাহাকে মিলিবে। হাজার বুরাই ফের মিটিয়া জাইবে হাজার২ দরজা বেহেস্ত ভিতর। বলন্দ করিবে তার এলাহি বরতর ❁ এতেক ছওাব পাবে এ দোওা পড়িয়া। বাঙ্গালা জোবানে তাহা দিতেছি লিখিয়া ❁

দোওা।

লাএলাহাএল্লাল্লাহো ওাহদাহু লাসরি কালাহু লাহুল মুলকো ওলা হুল হামদ এহই ওা য়ামিতো ওা হুওা হাইয়ে লায়ামুতো আবাদান জোল জালালে ওাল একরাম বেয়াদি হিল খায়ের ওা হুওা আলা কুল্লে সা ইয়েন কাদির ❁

তেছরাবাব বেছমেল্লার ফজিলতের বয়ান।

পয়ার। ফরমিয়াছে এইরূপে রছুল খোদার। এয়ছা কোন বান্দা নাহি ওম্মত মাঝার ❁ বেছমেল্লা হের্রাহমানের্রাহিম

সে কয়। সয়তান তাহাকে দেখে পায় বড় ভয় ❀ অর্থাৎ সয়তান গলে বেছমেল্লা শুনিলে। রাঙ্গ জেয়ছা গলে জায় আগুনেতে দিলে ❀ আর এহা ফরমিয়াছে রছুলে খোদায়। একিনেতে বেছমেল্লাকে কহে জে বান্দায় ❀ এহাতে হুকুম করে আপে পরওারে। কেরামন কাতেবিন দোন ফেরেস্তারে ❀ হুকুম পাইয়া দোন ফেরেস্তা খোদার। আমাল নামায় তার লেখে এ প্রকার ❀ চার লাখ দর্জ্জা এর বেহেস্ত বিচেতে। বলন্দ হইল বেছমেল্লার বরক্তে ❀ আর চারলাখ বদি মেটাইবে তার। এছাই ছাবেত আছে হাদিছ মাঝার ❀ মছুদের বেটা জেই আবদুল্লা নামেতে। রওাএত করিয়াছে হজরত হইতে ❀ বেছমেল্লা জদি কেহ বলে একবার। এক জার্রা গোনা বাকি না রহিবে তার ❀ আর এহা বলেছেন নবি পাকজাত। জে কেহ বেছমেল্লা লেখে পাকিজার সাত ❀ মিম আর ইয়া আর রে হরফেরে। আরাস্তা করিয়া লেখে তাজিমের তরে ❀ মাফ কোরে দিবে এতে করিম গফ্যার। আগিলে পিছিলে গোনা জত আছে তাঁর ❀ ফরমিয়াছে জদি কেহ বেছমেল্লা লিখিবে। আর্ হমান নব্‌জ খুব দারাজ করিবে আর ফরমিছেন এহা আপনি হজরত। এক একের পরে এক করেছে জিনত ❀ আছমানেরে তারা হৈতে করেছে বাহার। ফেরেস্তাগনের পরে জিবরিল ছরদার ❀ হুরগন দিয়া হৈল বেহেস্তের খুবি। আম্বিয়ার মধ্যে খুবি মহাম্মদ নবি ❀ সব দিন হৈতে জোম্মা রাখে ফজিলাত। রাত্র বিচে লায়লাতুল কাদারের রাত ❀ মাহিনার মধ্যে খুবি মাস রোমজানের মছজিদ সব হৈতে খুবি কাবা সরিফের ❀ জতেক কেতাব এল তুনিয়া জাহানে। সবা হৈতে ফজিলত দিয়াছে কোরানে ❀ সেই কোরানের বিচে আপে পাকজাতে। জিনত দিয়াছে খুব বেছমেল্লার সাতে ❀ আর এহা ফরমিয়াছে নবিজী আপনে। বেছমেল্লা জেই জন পড়িবে একিনে ❀ নাম তার লেখা

জাবে নেক কারের সাতে। পাক রবে নেফাক আর কুফরি হইতে ❀ আর এহা বলেছেন নবি পাকতন। জে কেহ বেছ মেল্লা কহে ঠিক করে মোন ❀ এহাতে এলাহি আল্লা খা তিরে তাহার। মাফ কোরে দেয় সব গোনা আগেকার ❀ ফরমিয়াছে এহা মহাম্মদ মোস্তফায়। জখনেতে খাড়া হও তোমরা সবায় ❀ বেছমেল্লা আখের তক পড়িয়া লইবে। ওছোল্লোল্লা আলা মহাম্মদ শেসে কবে ❀ এহাতে গিবত তেরা কেহ না করিবে। খোদার ফেরেস্তা তাকে রুকিয়া রা খিবে ❀ কোন মজলিছেতে জদি জাইয়া বসিবে। ওয়ছাই বেছমেল্লা পড়ে দরুদ পড়িবে ❀ এহাতেভি আল্লাতালা এক ফেরেস্তারে। ভেজে দেয় কেহ তার গিবত না করে ❀

চৌথাবাব দরুদের ফজিলতের বয়ান।

পয়ার। ফরমিয়াছে এহা জান রছুলে খোদায়। এক দফে জেই ভেজে দরুদ আমায় ❀ এলাহি দরুদ তায় ভেজে দশ বার। আর জে দরুদ মোকে ভেজিবে হাজার ❀ বেহেস্তের খোস খবর আগু সে পাইবে। তবেত দুনিয়া হৈতে রেহলত করিবে ❀ হাজার দরুদ ভেজে আমাকে জে জন। দোজখের আগ তাকে না ছুবে কখন ❀ দরুদ ভেজিতে মোজে জে জন ভুলিল। বেহেস্তের রাহে কাঁটা আপনি সে দিল ❀ মোজে জে জিয়াদা করে দরুদ ভেজিবে। বেহেস্তের হকদার সে জন হইবে ❀ ফরমিয়াছে মহাম্মদ মোস্তফা এমন। দরুদ ভেজিলে গোনা না থাকে কখন ❀ জেমন পানিতে করে আগুনেরে নাশ। তেয়ছাই দরুদে গোনা করে পাশ পাশ ❀ ফরমিছেন জদি কেহ জোম্মার রোজেতে। চালিশ বার দরুদ ভেজে আ-মার পরেতে❀মেহেরবান হৈয়া তারে এলাহি রর্ব্বানা। মাফ করে দিবে চালিশ বচ্ছরের গোনা❀ নাহি কোন দোওা আছে

দরুদ সমান। এক পরদা আছে সে খোদার দরমিয়ান ❀ মেরা পরে আর মেরা, আওলাদ সবায়। দরুদ ভেজিলে কোন মমিন বান্দায় ❀ তবে সে দরুদ সেই পরদা ফাড়িয়া। এলাহির নজদিগেতে পৌঁছেন জাইয়া ❀ ফরমিয়াছে জদি এক দরুদ ভেজিবে। এক সো মকছেদ খোদা পুরা করে দিবে সত্তুর মকছেদ পুরা হবে আখেরেতে। আর তিন মকছেদ পুরা হবে দুনিয়াতে ❀ এক দরুদ ভেজে জেহ আমার উপরে খোদা ও ফেরেস্তা দস ভেজে তার তরে ❀

এক ছওদাগরের নকল।

ত্রিপদি ❀ দরুদের ফজিলত, শুনিলাম এইমত, এক রোজ ওাজেতে জাইয়া। ছিল এক ছওদাগার, বড়ই সে বদ কার, গোনা বিচে আছিল ডুবিয়া ❀ জতদিন হায়াতেতে, বেঁচে ছিল দুনিয়াতে, নেক কাম নাকরে সে জন। কিন্তু এ আদত তার, ছিল সদা এ প্রকার, রাত্র কালে শুইত জখন, ❀ দরুদ নবির পরে, ভেজিত সে ছওদাগ রে, এইরুপে কতদিন জায়। ছফর দরপেস হৈল, ঘর হৈতে নেকলিল, সাতে লয়ে আ-পনা লাড়কায় ❀ বাপ বেটা এক সাত, চলে জায় দিন রাত তার পরে দেখনা কিহয়। জাইতে২ রাহে, বেমার হইল তাহে চলিতে তাকত নাহি রয় ❀ গায়েতে আইল জর, অঙ্গ করে থর২, কিন্তু সেথা না দেখে এনছান। কোথা ওতারিয়া রবে কাহারে বা জিজ্ঞাসিবে, বাতাইয়া দিবেকে সন্ধান ❀ এক বিয়াবান ছিল, সেই খানে ওতারিল, গোজরিয়া জায় দিন চার। কাজা এসে পৌছে তার, মরিল সে ছদাগার, লাড়কা কান্দে হয়ে জার২ ❀ হেথা মেরা কেহ নাই, আয় আল্লা পাক সাঁই, কি রুপে দফন করি এর। জে দুক্ষে পড়েছি আমি, দেখিতেছ সব তুমি, কোরে দেহ এহার ফেকের ❀ কান্দিয়া

আকুল হৈয়া, দেখে ফের তাকাইয়া; আপনার বাপের ছুরত আগেতে আছিল জেয়ছা, সেরূপ, নাহিক তেয়ছা, হৈয়া গেছে বান্দর মুরত ❀ এহাল দেখিয়া তার, হইলেক জার২, আয় খোদা এবা কি গজব। এখনি মানুস ছিল, বান্দর আকার হৈল, অপার মহিমা তেরা সব ❀ একে বিয়াবান ঠাই, লোক জন কেহ নাই, দফন এছে করি কিরূপেতে। ঘড়ি চার এছা ভাতে, গোজরিল আচম্বিতে; এক মর্দ্দে পাইল দেখিতে ❀ ওজালা করিয়া এয়ছা, পুন্নিমার চান্দ জেয়ছা, ওতরিয়া এলজমি পর। জঙ্গল ওজালা হৈল, খুশবুতে ভরিয়া গেল, খাড়া হৈয়া লাস বরাবর ❀ মোবারক হাত লিয়া, দিল মুখে ফেরাইয়া, হৈল ফের জেয়ছাকে, তেয়ছাই। লাড়কা থেকে পুসিদায়, দেখে তিনি চলে জায়, কহে সব কুদরত এলাই ❀ হাত জোড়া ছামনেতে, কহে পাক জোনাবেতে, কেবটে আপনি কোন জন। সত্ত পরিচয় দিয়া, এ অধিনে নেওাজিয়া, মন দুক্ষ কর নিবারন ❀ কি কারনে এলে হেথা, আসিয়া বা জাহ কোথা কহ আপে নাম আপনার। জেদ না এড়াতে পেরে, কহেন লাড়কার তরে, আমি নবি হবিব অল্লার ❀ দরূদএ একবার, ভেজিত বদলে তার, খোদা দস দরুদ পড়িয়া। মারফতে ফেরেস্তার, আপে আল্লা পরওার, দিতে ছিল আমাকে ভে-জিয়া ❀ আজ তিন রোজ হৈল, ফেরেস্তারা না পৌছিল, দরুদ লইয়া মেরা ঠাই। একারনে পেরেসান, আছিল আমার জান বুঝে ছিনু বেচে সেহ নাই ❀ জিবরিলের জোবানিতে, শুনি লাম এই মতে, ফলানা জঙ্গলে লাস তাঁর। লাড়কা শুনেএই বানি, চক্ষে বহাইয়া পানি, পায়ে পড়ে কান্দে জারে জার ❀ বাপ মেরা এই ছিল, মরিয়া বান্দর হৈল, সাফা হৈল কদম আনায়। বাদে রোজ মাহস্বরে, এই বান্দা গোনাগারে, কি হইবে বলনা উপায় ❀ কহিলেন এই মতে, আমি রোজ কিয়ামতে, উদ্ধারিব পহেলা এহারে। এইকথা হৈতে ছিল,

ফেরেস্তারা ওতারিল, খোদার হুকুমে জমি পরে ❀ বনে এক কুণ্ডা ছিল, পানি ওঠাইয়া লিল,মিলে জুলে জত ফেরেস্তায়। লাসকে গোছল দিয়া, গোর এক বানাইয়া, খাড়া সব হৈল জানাজায় ❀ কাতার বান্দিয়া খাড়া, জত সব ফেরেস্তারা, এমামতি করেন হজরত। জানাজা পড়িয়া পরে, দাফন করিয়া তারে,চলে সবহইয়া রোখছত ❀ রছুলের পাওতলে হিনমনিরর্দ্দি বলে,ডুবেছিগোনার সাগরেতে।আপেরোজনহ শ্বরে, ওক্ষতের সাতে মোরে, পানা দিও কদম নিচেতে ❀

❀ পঁচঙা বাব ইমানের ফজিলতের বয়ান ❀

পয়ার। ইমানের বাবে এয়ছা কহেন হজরত। ইমান কা হাকে বলে শুন হকিকত❀দেলেতে খোদাকে খুব চিনিবারে চাই। জোবানেতে কহে খোদা ছেণ্ডা কেহ নাই ❀হুকুম আ হকাম মত চলে জেই আর। তারতরে বলাজায় ছাচ্চা ইমান দার ❀ কহেন হজরত নবি আলায়হেচ্ছালাম। ইমানেরে লাঙ্গা জান জতেক এছলাম ❀ পরহেজগারিকে তার লেবাছ জানিবে।সরম করিলে ইমানের খুবি পাবে❀আর কহিয়াছে ইহা নবি নামদার। কখন না পুরা হয় ইমান কাহার ❀ কিন্তু জে কবুল করে ফরজ আল্লার। আলবাত্তা হইবে পুরা ইমান তাহার ❀ আর না বাতেল হয় ইমান কাহার। কিন্তু জে এন্কার করে ফরজ আল্লার ❀ এতে জদি কোন জন বেগর এন্কারে। শুধু এক ফরজেরে নোকছান সে কোরে ❀ তাহার কারনে হবে আজাব তাহায়। কিন্তু জে ফরজ সব করেন আ দায় ❀ বেহেস্ত ওাজেব হবে কারনে তাহার। এই বাত কহি য়াছে নবি ছরওার ❀ আর ফরমিয়াছে নবি মোস্তফা এয়ছাই ইমানদার ওই লোকে বলা নাহি চাই ❀ খোদার ফরজ আদা নাকরে জেজন। আমানতে খেয়ানত করে সর্ব্বক্ষন ❀ কিন্তু জে ইমান পুরা ঐ ওক্তে হবে। জখন ফরজ সেহ কবুল

করিবে ❀ ফরজেতে জত দিন না করে এক্কার। ততো দিন পুরা রহে ইমান তাহার ❀ বেগর এক্কারে ফরজ করিলে নকছান। দোজখে জলিবে সেহ না হবে ছাড়ান ❀ ইমানের হদ রোজা নামাজ জাকাত। হজ্জ ও গোছল করা করিয়া ছহ বাত ❀ ফরমিয়াছে বেহেস্তের জে হবে কাবেল। বেহেস্তে জা ইয়া সেই হইবে দাখেল ❀ দোজখের লায়েকো জে দোজখে জাইবে। সে ওক্তে খোদায় এয়ছা হুকুম করিবে ❀ তিল ভর ইমান পাও জাহার দেলেতে। নেকালিয়া আন তারে দোজখ হইতে ❀

❀ ছটঙা বাব ওজুর ফজিলতের বয়ান ❀

হজরত ওজুর বাবে কহেন এমন। জে করিবে ওজু কোন নামাজ কারন ❀ সরা মোতাবেক সেহ ওজু সেই কৈল। গোনা হৈতে ছাফ এয়ছা সেজন হইল ❀ জেয়ছা সেহ আপনা মায়ের পেট হৈতে। সেহি দিন পয়দা হৈল এহি দুনিয়াতে আর জে করিল ওজু নামাজের ওাস্তে। ভালাই করিল সেই আপনা তরেতে ❀ ফের সেই অজু হৈতে জে নামাজ পড়ে। সে নামাজ কাফারা হইল তার তরে ❀ দোছরা নামাজ তক দরমিয়ানি গোনা। মাফ করে দিবে তারে এলাহি রব্বানা ❀ আর ফরমিয়াছে জেবা বা ওজু শুইবে। সে রাত্রে মরিলে সে সহিদী দরজা পাবে ❀ আর ওজু রৈতে অজু জেজন করিবে। দস হাজার নেকি তার নামেতে লেখিবে ❀ আর ফরমিয়াছে নুর নবি এই মতে। নামাজ কবুল নাহি বেগর অজুতে ❀ অঙ্গ ধোওা ওজুতে ফরজ এক বার। দুই বার ধুইলে ছাওাব দুনা তার ❀ তিন বার বদন জে ওজুতে ধুইল। আগলে নবি গন মত ওজু সে করিল ❀ কবুল না করে আল্লা ঐ নামা জেরে। জে হাদছ হৈতে হয় ওজু করিবারে ❀ আর ওজু রৈতে অজু করিবে জে জন। নুরের উপরে নুর আনিল জেমন ❀

❀ সাতওঁা বাব ❀
❀ মেছওাক ও খেলালের ফজিলতের বয়ান ❀

পয়ার। ফরমিয়াছে এইমত দিন পয়গম্বর। খেলাল বেগর আর মেছওাক বেগর ❀ সত্তুর রেকাত জাহা নামাজ পড়িবে দুরেকাত পড়িলে তেয়ছা ছওাব পাইবে ❀ জদিম্বাত পড় তুমি মেছওাকের সাতে। ভাল দুরেকাত সত্তুর নামাজ হইতে ❀ ফরমিয়াছে মহাম্মদ মস্তফা মেছওাকে। খুস বুই মুখেতে হয় খোদা রাজি থাকে ❀ আর জে হজরত আপে এহা ফরমিয়াছে। ছুন্নত আছে ছয় চিজ আম্বিয়ার বিচে ❀ পহেলাতে ভাৱার্পন সরম দোছরায়। তেছরা লাগানা সিঙ্গা মেছওাক চৌঠায় ❀ আর জান খুস বুই লাগান পাঁচওঁাতে ছটওঁাতে জিয়াদতি বিবিদের সাতে ❀ আর আছে তিন ওাজেব এছলামের বাবে। মেছওাকো জোমার গোছল খুসবু লাগাবে ❀ আর ফরমিয়াছে রহম করে পাক জাতে। খেলাল জে করে মেরা উম্মত হইতে ❀ ওজুর আগেতে আর বাদেতে খাওার। জে করিবে পাইবে সে রহম আল্লার ❀ কহে মুখ ছাফ রাখ সাতে মেছওাকের। কেন না জে মুখ আছে রাহা কোরানের ❀ কহিয়াছে এইমত আপনি হজরত। হামেসা জিবরিল মুঝে করে ওছিওত ❀ মেছ ওাকেতে রাখ দাঁত ছাফাহ করিয়া। তাহে এয়ছা ডরি দাঁত দেই গেরাইয়া ❀

❀ আটওঁা বাব আজানের ফজিলতের বয়ান ❀

পয়ার। ফরমিয়াছে আপে নবি আজান বাবেতে। সাত সাল তক আজান দিয়া জে লোকেতে ❀ খোদা হৈতে মজুরির ওম্মেদ রাখিবে। দোজখের আগ হৈতে নাজাত পাইবে আর জে আজান দিলে এক সাল ভর। বেহেস্ত ওাজেব হবে

তাহার উপর ❁ আর পাচ ওক্তের আজান জেই দিবে। পিছে কার গোনা তার মাফ হৈয়া জাবে ❁ আর ফরমিয়াছে তিন গোরর তরেতে। বাচাইবে আল্লাতালা গোর আজাব হৈতে ❁ পহেলা সহিদ ও দোছরা মওাজ্জন। তেছেরাতে জোহ্মা বারে হইলে মরন ❁ আর ফরমিয়াছে ওক্ত হৈলে আজানের। খোলা জায় তামাম দরওাজা আছমানের ❁ আর সব দোওা জে কবুল হৈয়া জায়। অএছাইভি আকামতে জানিবে সবায় ❁ আর ফরমিয়াছে জেবা আজান শুনিয়া। আদবেতে খাড়া হৈয়া পড়ে এই দোওা ❁ হাজার ২ দরজা ওাস্তে তাহার। লেখে আল্লাতালা পাক বেহেস্ত মাঝার ❁

দোওা।

মারহাবা বেল কায়েলিনা আদলান ওা মারহাবা বেছালাতে আহলান।

আর ফরমিয়াছে এমামতি করিবাতে। পরহেজ করিবা চাই ওই সময়েতে ❁ তোমা হৈতে আলেম মত্তাকি কোন জন। আসিয়া জমাত বিচে পৌছিবে জখন ❁ ফরমিয়াছে জদি কেহ শুনিয়া আজানে। মওাজ্জন কহে জাহা না আনে জো বানে❁মরিবার ওক্তেতে কলেমা সাহাদত।ভারি হবে মুখে তার কহেন হজরত ❁ আর আকামতে জাহা কহে মওা জ্জনে। না কহেজে তার মত চুপ হয়ে সোনে ❁ হাসরে ক রিবে ছেজদা মমিন সবায়। বাজ সে থাকিবে সেই ছেজদা করায় ❁ আর কহে তিন গোর রহিবে ছায়ায়। কেয়ামতে ছায়া জবে না রবে কোথায় ❁ আরসের ছায়া তলে ওহারা রহিবে। পহেলা আদেল বাদসা জে জন হইবে ❁ দোছরাতে মওাজ্জন তেছরাতে আর। হামেসাতে পড়ে জেই কালাম খোদার ❁ ডুই সও আএত রোজ পড়ে জে সবায়। বেসি হয় খেতি নাই কমি নাহি হয় ❁

❀ নওঙা বাব জমাতের ফজলতের বয়ান ❀

পয়ার। ফরমিয়াছে হজরত নবিজি এমন। নামাজ জমাতে গিয়া পড়ে জেই জন ❀ সে নামাজ ফজিলত রাখে এছু রাতে। একেলার এক সও বিস নামাজ হৈতে ❀ আর জে জামাতে নামাজ পোড়ে ফজরেতে। আফতাব উঠীবা তক থাকে জেকেরেতে ❀ তার জন্মে আল্লা সেই জেকেরের গুনে পরদা ডালিবে জাহান্নামের আগুনে ❀আর চালিস দিনতক পায় জে জমাত। দোজখের আগ হৈতে পাবে সে নাজাত❀ আর ফরমিয়াছে আপে জমাত কারন। মছজিদে জাইতে কজদো করে জেই জন ❀ দস২ নেকি হর কদমে সে পাবে। আর দস বুরাই খোদা মিটাইয়া দিবে ❀ আর দস মর্ত্তবা জে তাহার কারনে। বলন্দ করিবে খোদা বেহেস্ত মাকানে ❀ আর ফরমিয়াছে নবি মোস্তফা এয়ছাই। এক রোজ পুছি আমি জিবরিলের ঠাই ❀ কহ ভাই নামাজ জদি পড়িবে জমাতে। কি আন্দাজ নেকি পাবে আমার উম্মতে ❀ কহিলো জিবরিল সোন রছুল খোদার। দুজনা জমাতে জদি পড়ে একস্তার ❀ আল্লা পাক তবে হর রেকাত বদলে। সও রেকাতের নেকি লেখে জে আমলে❀ আর জদি তিন জনা জমাতে পড়িবে। ফি রেকাতে তিন সও রেকাতের পাবে ❀ হামেসাতে পড়ে জেই জাইয়া জমাত। বিজলির মত পার হবে পুল ছেরাত ❀ জমাত রহমত খুব দুনিয়া হইতে। আরভাল দুনিয়ার সব চিজ হৈতে ❀ আর ফরমিয়াছে নবি শুনহ সকলে। মহাল্লার দরমিয়ানে মছজেদ রহিলে ❀ তবে সেই মছজিদের পড়সির ওাস্তে। নামাজ দোরস্ত নাহি হইবে ঘরেতে আর লানত করে জমাত ছাড়নে ওালারে। তৌরিত ইঞ্জিল আর ফোরকান জর্বুরে ❀ আর লানত করে জমি হামেসা তাহায়। রাস্তা ঘাটে জেই ওক্তে চলিয়া বেড়ায় ❀ আর জে

আছমান বাগে তাকিলে নজরে। আছমানে লানত ভেজে তাহার উপরে ❀ জমাত রহমত খুব জানিবে মমিন। কেতাব মাফিক কহে মনিরদ্দিন হিন ❀

❀ দসওঁ। বাব জোমার ফজিলতের বয়ান ❀

• পয়ার। ফরমিয়াছে রছুলোল্লা হাদিছ মাঝার। জোমা রোজ সব দিন হইতে ছরদার ❀ জোমার দিনেতে জান গোছল করিলে। গোনার কাফারা তার হবে সে গোছলে ❀ জোমা বারে চব্বিস ঘড়ি দিন আর রাতে। ছশো হাজার দোজখিরে হরেক ঘড়িতে ❀ জোমার বরকত হৈতে কোরে মেহেরবানি। খালাছ করিয়া দেয় এলাহি আপনি ❀ জদি কেহ বেওজরে এক জোমা ছাড়ে। ছদকা লাজেমহয় তাহার উপরে ❀ দিবে এক দিনার সেহ ছদকা এহার। তাহাও না পারে দিবে অর্দ্ধেক দিনার ❀ আর জে গরজ ছেওা জোমাকে ছাড়িবে। আল্লাতালা দেলে তার মোহর করিবে ❀ আর জোমা রাতে কিম্বা দিনে জে মরিবে। কবরে আজাব তার নাহিক হইবে ❀ আর ফরমিয়াছে নবি আলেহেচ্ছালাম। খোতবা পড়িতে শুরু করিলে এমাম ❀ চুপ রহ কহিবে জে দোছরার তরে। কিম্বা কোন বেফায়দার বাত চিত করে ❀ কিম্বা জদি ছের হেলাইবে এসারাতে। বড় গোনাগার সেহ হইবে এহাতে ❀ বড় বে আদবি তবে তাহার হইবে। জোমার ছওাব হৈতে মহরুম সে রবে ❀ আর জান গোছল করিতে জোমাবারে। লাজেম হইবে হর বালগ উপরে ❀ জে কেহ পাইল জোমা ফজলে রব্বের। বদলা মিলিবে তারে সও সহিদের ❀ এয়ছা জোমা নাহি ছাড় জত দিনদার। বে হেছাব বে শুমার ছওাব জাহার ❀

পয়ার। ফরমালেন রছুলোল্লা হাদিছে জেকের। মছজেদ হইলো ঘর মোত্তাকি লোগের * হামেসা জাহাকে দেখ মছজেদ মাঝার। ইমানের গাওা তুমি দিবে সে বান্দার * জে বান্দা মছজেদে করে দুনিয়ার বাত। জায়া করে আ-মাল তাহার পাক জাত * চাল্লিস সালেতে নেকি জাহা কোরে ছিলো। এই কামে আল্লা তার বরবাদ করিলো * বলিলেন রছুলোল্লা দিন পয়গম্বরে। সেলোগের সেকাএত ফেরেস্তারা করে * মছজেদে করেন জারা গিবত লোগের। আরজে বেহুদা বাত করেন জেকের * বদবুই হইবে পয়দা মুখেতে তাহার। সেকাএত করে তার ফেরেস্তা আল্লার * বলিলেন নবি জতো বদঠাই হৈতে। বড় বদ জায়গা জানো বাজার তাহাতে * জতো ভালো জায়গা হৈতে মছজেদ উত্তম। আর ফের বলিলেন ছরওরে আলম * তোমা বিচে মছজেদে দাখেল জে হইবে। দুরেকাত নামাজ সে পহেলা পড়িবে * দুরেকাত নামাজ না পড়ে জতোক্ষণ। মছজে-দের বিচে না বসিও কদাচন * আর মছজেদের বিচে দাখেল হইয়া। বসচোই দুরেকাত নামাজ পড়িয়া * আর ফরমা লেন নবি ছাহেবে জাহান। মছজেদ বোলন্দ হয় আছ মানের পান * কহিলে দুনিয়ার কথা মছজেদ ভিতরে। মছজেদ জে সে লোগের সেকাএত করে * তাহার নিকটে এসে ফেরেস্তা তখন। কহে তুমি ফিরে জাও জায়গাতে আপন * আমাসবে হাল্লাক করিতে ভেজে দিলো। আর নবি হাদিছেতে এছাই কহিলো * জে লোগ মছজেদ বিচে চেরাগ জালায়। জতোক্ষণ চেরাগে রৌসনি থাকে তায় * চেরাগেতে রৌসনি থাকিবে জতোক্ষণ। ফেরেস্তা মাঙ্গেন দোওা তাহার কারণ * ,আর ফরমালেন নবি কালামে এ

কালনবি,

ছাই। মছজেদ ভিতর জেবা দিবেন চেটাই * সে চেটাই জাবত টুটিয়া নাহি জায়। মাকি মাঙ্গে সত্তর হাজার ফেরেস্তায় * মছজেদের ধুলা ওগলিজ আদি লিয়া। ঝাড়ু দিয়া বাহিরে জে দিবেন ফেকিয়া * জতো গোনা আছে তার ওজুদ বিচেতে। ছাফ কোরে দিবে তাহা আল্লাপাক জাতে *

—:*:—

বারঙা বাব আমামার ফজিলতের বয়ান।

পয়ার। হাদিছেতে ফরমালেন নবি পাকবাজ। আমামা দেস্তার জানো আরব্বের তাজ * বান্দহ আমামা পাগ তোম্মোরা সবায়। কেননা আমামা বান্দে জতো ফেরেস্তায় নামাজ পড়িলে পাগ আমামার সাতে। দশ হাজার নেকির ছাওাব মেলে তাতে * কিন্তু জে আমামা বান্দে দিনেতে জোম্মার। খোদা আর জতেকো ফেরেস্তা জানোতার * দরুদ ভেজেন সে বান্দার উপরেতে। এছাই খবর আসিয়াছে হাদিছেতে * বে আমামা সত্তুর রেকাত পড়া হৈতে। দুরেকাত পড়া ভালো আমামার সাতে * আরজে আমামা আলামত ফেরেস্তার। পিছে লটকাইয়া দেহ সামলা তাহার *

—:*:—

তেরঙা বাব রোজার ফজিলতের বয়ান।

পয়ার। ফরমালেন রছুলোল্লা আলায়হে ছালাম। কহিয়াছে আল্লা পাক এমত কালাম * রোজা খাছ মেরাতরে জেকরে আদায়। তাহার মজুরি আমি খোদে দিব তায় * আর বলিয়াছে আপে রছুলে রব্বানি। দুই খুসি রোজা দারে সোনো সেই বানি * পহেলায় খুসি জবে করেণ এপ্তার। দুতিয়ায় মোলাকাত নজদিগি খোদার * আর

রোজা দারের মুখের বোই জাহা। মেস্ক মত খোসবোই খোদার কাছে তাহা * আরজে রাখিবে এক রোজা রোমজানের। আগে কার গোনা তার বকসিবে কাদের * সেই তক আগে জাহা গোনা কোরে ছিলো। এক রোজা রাখিয়া তামাম মিঠে গেলো * জবে এক মাহা রোজা পুরা হবে তার। রোজার নেকিতে এয়ছা হবে সে বান্দার * আয়েন্দা সালের কোন গোনা না লিখিবে। নবির কালাম এহা ঝুট না জানিবে * দোছরা রোমজান মধ্যে জদি সেই মরে বেগোনা তাহারে আল্লা ওঠাবে হাসরে * জেয়ছা কোনো গোনা নাকরিল সে বান্দায়। গোনাহৈতে পাক ছাফ হৈয়া জাবে তায় * কিন্তু জদি হুকুম দিতেন পরওারে। সাত আছমানেরে আর সাত জমিনেরে * জাহারা রাখিল রোজা মাহে রোমজানের। খুসির খবর দিতো সেসবা খাতের * আর ফরমালেন রোজা ঢাল দোজখের। লড়াএর ঢাল জেছা গাজি লোগদের * আর রোজাদার জবে করেন এফ্তার। ফেরেস্তা দরুদ ভেজে পরে সেবান্দার * জাবত এফ্তার হৈতে ফারেগ নাহয়। ততোক্ষণ ফেরেস্তা দরুদ ভেজে তায় * আর ফরমালেন জেছা জাকাত মালের। রোজা তেছা জাকাত জানিবে বদনের * রোজা দারে শুয়ে থাকা হয় এবাদত। নিশ্বাসেতে তছবি হয় খোদার ছেফত * আর জাহা আমল করেন রোজাদার। দুগুন ছওাব তাহে দিবেন জব্বার *

—:*:—

চৌদণ্ডা বাব ফরজ নামাজের ফজিলতের বয়ান।

ত্রিপদি। ফরমালেন পেগম্বরে, এছলামি দিনের তরে, পাচ চিজ আছে মোকরের। পহেলাতে গাওা দেওা, কেহ

নাই খোদা ছেওা, এক আল্লা বোজরগো বরতর * দোছোরা নামাজ পড়া, তেছোরা জাকাত করা, জাকাতের মাল আছে জার। রোজা রাখা চতুর্থায়, হজ করা পাঁচ ওায়, রবে রাহা খরচ জাহার * আর বার কহে নবি, নামাজ পড়োহ সবি, আর রোজা রাখহ রোমজান। মালের জাকাত আর, হজ করো বয়ত্তুল্লার, তবে পাবে বেহেস্তে-মাকান। ফের নবি কহে বানি, নামাজ দিনের খুনি, নামাজ কাএম জে করিল। দিনকে সে আপনার, করিলেন ওস্তওার, আর জেবা নামাজ ছাড়িল * আপনা দিনের তরে, গেরাইলো একু বারে, বেসক জানিবে জতো জোনা। অপর কহিলেন নবি, জবে কোনো নেক বিবি, নামাজ পড়িলো পঞ্জগানা * আপনা মালের আর; জাকাত দিলেন তার, করে খছমের তাবে দারি। রোজা রাখে রোমজানের, নেঘা রাখে সরমের, বেহেস্তে মাকান হবে তারি * যেই দরওাজায় দিয়া, চাহে সে পৌছিবে গিয়া, ফের নবি কহে এই বানি। হরেক চিজের বিচে, একেক নেসানি আছে, ইমানের নামাজ নেসানি * ফরমালেন আর বারো, নামাজ কাএম করো, আর করো দোস্তের ভালাই। আর এক হাদিছেতে, কহে নবি নেকজাতে, নামাজ তুমি পড়িবে এছাই * পড়িতে আমার তরে, দেখিতেছ জে প্রকারে, সেই মত নামাজ পড়িবে। আর জেবা কছদো করে, ছাড়ে নামাজের তরে, একামেতে কাফের হইবে * বাদে কহে পয়গম্বর, পড়ে জেবা একান্তর। বেওজোরে অক্তিয়া ও কাজা। আল্লা পাক পরয়ারে, দোজোখে ডালিবে তারে, এক হোকবা হবে তার সাজা * আর এক রওাএতে, আসিয়াছে এই মতে, আসি হোকবা দোজখে জলিবে। হোকবা হয় আসি সালে, হেসাব করহ দেলে, কতো দিনে আসি হোকবা হবে * আর বলিলেন নবি, নামাজ আখের খুবি,

হইবেক কাফারা গোনার। হিন মনিরদ্দি বলে, দিন গেলো অপ হেলে, মাফ করো পাক পরওার *

—:*:—

পোনরঙা বাব ছোন্নোত নামাজের ফজিলতের বয়ান।

পয়ার। ফরমালেন আপে নবি দিন পয়গম্বরে। বারো রেকাত মোওাক্যেদা ছোন্নোত জে পড়ে * সে বান্দার তরে আল্লা বেহেস্ত মাঝার। বানাইবে ঘর এক বড়া খুবি দার * জোহরেতে ছয় দুরেকাত ফজরেতে। দুই মগরো বেতে দুই রেকাত এসাতে * এইবারো রেকাত ছোন্নত মোওা ক্যেদা। নবী কহে জেবান্দা করিলো তাহা আদা * জহোরের আগে চার রেকাত ছোন্নত। জে করিল আদা তার সোনো হকিকত * গোস্ত তার দোজোখের আগুন হইতে। হারাম করিবে আল্লা আপে পাকজাতে * ফরমা-লেন নফল নামাজ দুরে কাত। পুসীদা পড়েন জেবা নেরা-লার সাত * কিন্তু সে গোপন ভাবে পড়িলো এছাই। খোদাও ফেরেস্তা সেওা কেহ দেখে নাই * তাহার মজুরি এত্তা দিবেন জোব্বার। জাহান্নাম হইতে রেহাই হবে তার * ফরমালেন নবি জেবা আন্দিয়ারি ঘরে। দুরে কাত নামাজ নফল আদা করে * বেহেস্ত ওাজেব হবে উপরে তাহার। বেহেছাবে আর বিনা আজাবে আল্লার * ফর-মালেন রছুলোল্লা জোবানে আপন। চারি রেকাত নামাজ পড়িবে জেই জন * কিন্তু সে গোপন ভাবে এছাই পড়িলো। আদম এনছান তাহা কেহ না দেখিলো * বেসক সে পাক হৈলো নেফাক হইতে। সেরেক বেদাত কুফর আর গোম-রাহিতে * আর ফরমালেন নবা হাদিছে এমত। আছরের আগে চার রেকাত ছোন্নোত * গাএর মোওা ক্যেদা যে ছো-ন্নোত তারে কয়। সে নামাজ জেই বান্দা করিবে আদায় *

এলাহি আলমিন আল্লা তাহার খাতেরে। দোজোখের আগুনে রেহাই দিবে তারে * আর মগরোবের ওক্তে ফর-জের পরে। ছুরেকাত ছোন্নত আদায় জেবা করে * ইল্লিন মাকান জাহা আছেন বেহেস্তে। হাছেল হইবে যে রহিতে পাবে তাতে * ইল্লিন দপ্তর বোলে আছে জার নাম। মমি-নের রুহু সেথা থাকে যে মোদাম * আর বলি য়াছে নবি এছাই বচন। এসাওক্তে ফরজের আগে জেই জন * চার রেকাত ছোন্নোত আদায় জে করিবে। সব কদোরের নেকি সে বান্দা পাইবে * আর বারো রেকাত চাস্তের নামা-জেরে। ছওাবের ওক্কেদে আদায় জেবা করে * ছুই লাখ গোনা মেটাইয়া পাক জাতে। ছুই লাখ নেকি লেখে নামা আমালেতে * ছুই লাখ দরজা করে বোলন্দ তাহার। বেহেস্তে মাকান এক করেন তৈয়ার *

—:*:—

সোলোঙা বাব জাকাতের ফজিলতের বয়ান।

পয়ার। জেবান্দা জাকাত দিবে জানো মোছলমান। সে রেক নেফাকে পাক হইবে ইমান * আর ফরমালেন জেবা জাকাত না দিবে। আল্লা তার ইমান কবুল না করিবে * আর ফরমিয়াছে দিলে মালের জাকাত। রহিবে সে মাল তার হেফাজত সাত * না জলিবে আগুনে পানিতে না ডুবিবে। চোর চোট্যা চোরাইয়া লিতে না পারিবে * আল্লা পাক সে মালের করে নেঘাবানি। কোনো হরোকোতে তার না হয় নোকছানি * আর জানো দিনে দিনে বাড়ে সেই মাল। জ্বেছাই বইর বাড়ে কেটে দীলে ডাল * বেজা কাতে নেঘাবানি না থাকে আল্লার। হামেসা নোকছানি হয় সেই মালে তার * কারুনের মাল জেছা বাড়িয়া বিস্তর একুবারে ধংস হোলো জাকাত বেগর * আর ফরমালেন

জে নামাজ না পড়িবে। ইমান দোরোস্ত তার কভু না হইবে * বে জাকাতে নামাজ কবুল হয় নাই। খিয়াল করিয়া এই বাতে বোজা চাই * মরদুদ নাকাছ বেনামাজির ইমান। না দীলে জাকাত তার নামাজ নোকছান * আর নবি হাদি ছেতে এবাত বলিলো। জাকাত জাহার পরে ওজেব হইলো সে জদি জাকাত নাহি করিলো আদায়। মরদুদ হইয়া জাহান্নাম বিচে জায় * নবি কহে জেই মালে না দিলো জাকাত বেহতেরি সে মালে নাই হইবে নিপাত * আর কহে জে মালের জাকাত রুকিলো। আল্লা তার হেফাজত ওঠাইয়া লিলো *

—:*:—

সতোরোঙা বাব ছদকার বয়ান।

ফরমালেন রছুলোল্লা ছদকা জেবা দিবে। ইমানের সাতে তার মওত হইবে * আর ছদকা রোকে বুরা মওতে বান্দার। খাতেমা খেএর করে দিবেন তাহার * পুসীদা করিয়া ছদকা দিবে যেই জন। গজবেতে বাচাইবে তাহার কারন * অর্থাত খোদার জত গজব হইতে। রুকিয়া তাহারে রাখিবেন আমানেতে * জাহেরাতে ছদকা দিলে ঢাল হবে তায়। দোজখের আগুনেতে বাঁচাবে বান্দায় * বেসক ছদকায় নবি গিয়াছে কহিয়া। সত্তর আফত বালা জাইবে চলিয়া * আর নবি কহে ছদকা দিবেন সবাই। এক টুকরা খোরমা হোলে তাতে খেতি নাই * এহা যদি মএচ্ছর নাহি দিতে পারো। মিঠা বাত বোলে ছাএলেরে খুসি করো * খোস করা ছাএলেরে বলে মিঠা বাত। এহা বি ছদকার মতো জানিবে নেহাত * আর নবি কহিলেন জোবানে আপনা। থোড়াই বকসিশ দিতে সরম কোরো না * কেন না যে নাওম্মেদ করাকে চাহিয়া। থোড়া দেওা ভালো

হয় ছাএলে তুসিয়া * আর কহিলেন নবি জোবানে আ-পন। যে কেহ মারিবে ঝিড়কি ছাএল কারন * ফেরেস্তা মারিবে ঝিড়কি হাসরে তাহায়। আর এক হাদিছেতে কহে মোস্তফায় * এক মুটা খোরমা একরুটি জেবা দিবে। বেহেস্তা হুরের তাহা মহরানা হবে * দেলাইলে ছদকা মালে টুটি হয় নাই। বরং কাটিয়া জায় আফত বালাই * বড়ই আজব চিজ ছদকা খয়রাত। তিন বার ফরমালেন নবি নেক জাত * ছদ-কাতে আফত বালা করে দেয় দুর। কালাম সরিফে নবি করেছে মজকুর *

—:*:—

আঠারোডা বাব ছালামের ফজিলতের বয়ান।

পয়ার। এরসাদ করিলো নবি ছালামের বাবে। ছালামের আগে কথা শুরু না করিবে * ছালাম আলেক আগে আনিয়া বজায়। তাহা বাদ কহো কথা জাহা ইচ্ছা চায় * ফরমালেন মমিনের হৈলে মলাকাত। পহেলা ছালাম জে করেন তার সাত * সে লোগ নজদিগ হয় খোদার রহমতে। আর সে নগিজ হবে নবির সাফাতে * আর বলিলেন নবি এমত জিকির। যে সব ছেফাতি নাম আছে এলাহির * তার বিচে এক নাম জানিবে ছালাম। সে পাক নামের হয় যেকের মোদাম * সে নাম শ্মরণ হয় ছালাম করিলে। বোঝহ মমিন এতে কতো ফা-এদা মেলে * কিন্তু জেবা ছালামের আগে কথা কয়। জওাব না দেওা চাই তাহার কথায় * ফরমালেন ভালো সেই সব লোগ হৈতে। শুরু জে করেন কথাছালামের সাতে * আর ফরমালেন আপে নবি নেক নাম। তাজিমের ছের করা পহেলা ছালাম * ফের বলিলেন নবি ছরওারে কানাত। দুই দোস্তে জখন হইবে মলাকাত * তার বিচে আগেতে

ছালাম জেবা করে। খোদার নজদিগি মেলে তাহার খা-তেরে * ফরমালেন মজলিসেতে দাখেল হইয়া। ছালাম আলেক কহিবেন ফোকারিয়া * ফের সেথা হৈতে হবে ফিরিতে জখন। ছালাম করিয়া পিট ফেরাবে আপন * ফরমালেন নুর নবি ছারওয়ারে কানাত। লোগ বিচে সেহ বান্দা বখিল নেহাত * মোলাকাত হৈলে ভাই মমিনের সাতে। বখিলি কৃপিনি করে ছালাম করিতে * বলিলেন নুর নবি করিবা ছালাম। আমার দিনেতে তাহা দোওালা কালাম * আর সে আমানে রবে দুনিয়ার বিচ। এহা বুঝে চলা চাই করিয়া তমিজ *

—:*:—

উনিসঙা বাব দোওার ফজিলতের বয়ান।

পয়ার। হাদিছ সরিফে নবি এই কথা কয়। দোওা মাঙ্গা আল্লা আগে এবাদত হয় * জেবান্দা মাঙ্গেন দোওা আজেজির সাতে। তাহাকে রাখেন দোস্ত আল্লা পাক জাতে * ফরমালেন দোওা এবাদতের মগজ। দোওা কেত্তা বড়া চিজ করো না ছমজ * নবি কহে কোন চিজ নজদিগে খোদার। দোওার মাফিক নাই বোজোরগো বরতার * ফরমালেন আল্লা পাক পরওার দেগার। সোন বান্দা আছি আমি সঙ্গেতে তোমার * জবে তুমি ফোকারিবে আমার কারণ। তোমার ছামনে আছি বুঝিবে এমন * বলিলেন নুরনবি আ-পনা জোবানে। জেবান্দা না মাঙ্গে দোওা খোদার ছামনে * আল্লাতালা হয় গোস্বা উপরে তাহার। এহাবুঝে মাঙ্গ দোওা জতোদিন দার * আর ফরমালেন নবি হাদিছে মাঙ্গল। মজলুমের দোওা হয় সেতাবি কবুল * মজলুমের দোওা হৈতে সকলে বাঁচিবে। মানা ফরমালেন নবি এহার ছ-বোবে * মজলুমের আগে আর ছামনে খোদার। এয়ছা

পরদা নাহি দোওা রুকেন তাহার * ফরমালেন নবি সেই কওমের দোওা। কবুল না হয় আল্লা নাহি করে রওা * জে জেওরে শব্দ হয় সে সব গহেনা। পেন্দাইতে রাজি থাকে জরুকে আপনা * জেমন পাঁজেব ঘুঙ্গরি পেন্দানো আওরতে। আপসে বাচিয়া চলে এছা বুরাইতে *

—:*:—

বিশুঙা বাব আস্তাগ ফারের বয়ান।

হাদিছে ফরমান আপে নবি পাকবাজ। হর বিমারির আছে একেক এলাজ * তেমনি আছতাগ ফার দাওাই গোনার। অর্থাত কশুর মানা দরগাতে খোদার * পরে এক হাদীছ ফরমায় রছুলোল্লা। হরেক চিজের আছে এক এক হিলা * অতেব গোনার হিলা করা আছতাগ ফার। এবাতে বকসায় গোনা জলিল জর্ব্বার *আর ফরমালেন নবি জোবানে আপনা। মাফি জেবা চাহে খোদা মাফ করে গোনা * কাফেরের জঙ্গে জদি ভাগিয়া পালায়। মাফি জদি চাহে মাফ করেন খোদায় * ফরমালেন হট না করিয়া জেই জন। করে আস্তাগফার গোনা বকসিতে আপন * গোনা করে তওবা করে সেই নেকজাত। জদ্দবি সত্তুর বার করে এছা ভাঁত * সত্তুর মরতোবা গোনা করনের সাতে। আস্তাগফার করে হর গোনার পিছেতে * তবে সেই গোনা তার ছাবেত না রয়। জতো গোনা করিলেন সব মাফ হয় * কিন্তু জে করিয়া গোনা করে আস্তাগফার। সেই আস্তাগফারে হয় কাফারা গোনার * ফরমালেন তোমা বিচে জদি কোন জন। গোনা করে ডালে বিনা কছরতে আপন * তবেতো উচিত মাফ মাঙ্গে সে গোনার। পড়িয়া আস্তাগফার মুখে আপনার * ফরমালেন মাফি জেই চায় গোনা পরে। সে গোনা মিটিয়া ছাফ হয় একুবারে * জেছা আগুনেতে কাষ্ঠ জায়তো জলিয়া। তেছা

ভাঁতে গোনা তার জাইবে মিটিয়া * করিবা আস্তাগফার কছরত করিয়া। একামে তাহার রুজি আনিবে খেঁচিয়া * ফরমালেন মাফি জে চাহেন আপনার। মাফ কোরে দেয় গোনা এলাহী তাহার *

—:*:—

একুশুঙা বাব জেকেরের ফজিলতের বয়ান।

পয়ার। আল্লার জেকের করা তায় এত্তা খুবি। ইমানের নেসানি ফরমায় নুর নবি * জে বান্দা জেকের করে ইয়াদ আল্লার। নেফাক হইতে সেহ রহিবে বেজার * আর কেল্লা হয় তাতে সয়তান হইতে। আর বাঁচাইবে দোজখের আগুনেতে * ফরমালেন নবি আছে জতোই জেকের। চুপেতে জেকের কিন্তু বহুতি বেহতের * খুপিয়া জেকের বলে তাহার লাগিয়া। ছয় লতিফাতে পির দেয় বাতাইয়া * ফরমালেন নবি সোনো করিয়া তমিজ। ছরদার চিজের বিচে আছে তিন চিজ * এক চিজ তার বিচে জানো এ প্রকার। হরহালে করা চাই জেকের আল্লার * দুতিয়াতে ভাই মোছলমানের গমীতে। গম জারি করিয়া আফছোছ করা তাতে * তেছরা এনছাফ করা আপনা জাতের। গোনা হৈলে ডাঁটা চাই নফছের খাতের * আর ফরমালেন নবি রছুলে খোদার। মহব্বতের আলামত সেকামে আল্লার * এলাহির জেকেরের করা মোহর্ব্বত। এইকাম আল্লার দুস্তির আলামত * বোগজ জে রাখা এলাহির জেকেরেতে। আল্লার বোগোজ রাখা হবে একামেতে * ফরমালেন আর জতো হইতে জেকের। খোদার জেকের বড়া উত্তম বেহতের * নবী বলে ফরমালেন পরওার দেগার। আছি আমি সাতে জানো আপনা বান্দার * জবে সে ইয়াদ করে আমার কারন। মেরা ওস্তে দুই ঠোঁট হেলায় আপন * ফরমালেন রছুলোল্লা

আলাহে ছালাম। আল্লাকে ইয়াদ করা ছোবে আর সাম *
একাম উত্তম এছা জানিবে দেলেতে। তলওার খোদার রাহে
মারবা হইতে * ফরমালেন করো নেক জেকের আল্লার।
কেহ জিজ্ঞাসীলো নেক হয় কি প্রকার * নবি কহে চুপেতে
জেকের করা ভালা। খপিয়া জেকের জাহা করন নেরালা *
নবি কহে বান্দা বিচে সে লোগ বেহতের। জে করে ইয়াদ
খাছ এলাহি পাকের * এই কথা কহিলেন ছরবারে আ-
লম। জেকেরের বিচে খুপি যেকের উত্তম *

—:*:—

বাইশুঙা বাব তছবি পড়িবার ফজিলতের বয়ান।

পয়ার। ফরমালেন নুরনবি দীন পয়গম্বর। এছা কোন সয়
নাহি জমিন উপর * কহে সে ছোবহানাল্লা ওালহামদ লেল্লা
আর।লাএলাহা এল্লাল্লাহ আল্লাহো আকবার*নাহি উতরিবে
আল্লা গোনা তারপরে। জর্দাও করে থাকে দরিয়ার বরাবরে
ছোবহা নাল্লা হামদ লেল্লা ফক্তজে পড়িলো। লাএলাহা
আল্লাহো আকবার সব না বলিলো * এহা মদ্দে নজর
রহমত আল্লা করে। দাখেল করিবে বলে বেহেস্ত ভিতরে *
নবি কহে ছোবহানাল্লা জে কহে জোবানে। ছয়াবে ভরিয়া
জেছা দিল সে মিজানে * আলহামদ লেল্লাহে ফের জে জন
বলিল। সেহবি ছয়াবে জেছা মিজান ভরিল * লাএলাহা
এল্লাল্লাহো জে কৈল জোবানে। ছয়াবে ভরিল জেছা আছমান
জমিনে * আর আল্লাহো আকবার কহিল জেই জনে। নাহি
আছে কোন পরদা তাহার ছামনে * এঁহাতক পোঁছে সে
মোকামে কোরোবের। তরোফেতে আপনা পরওার দেগা
রের * আর ফরমালেন নবি রছুলে খোদার। ছোবহানাল্লা
সেস তক পড়া সও বার * বেহেতের গোলাম বাঁন্দি আজাদ
করাতে। কোরবানি খোদার রাহে দেওন হইতে * আর ফর

মালেন নবি রছুলে খোদার। এই তছবি জেবান্দা পড়িবে এক বার *

ছোবহানাল্লাহে ও বেহামদিহি ছোবহানাল্লা হেল আলি
এলআজিম আস্তাগ ফেরাল্লাহে মেনকোল্লে জামবে।

নোক সও হাজার এলাহি লেখাইবে। বদি সও হাজার তাহার মেটাইবে * আর আল্লাপাক জাত পরওার দেগার। বোলন্দ করিবে দরজা বেহেস্তে তাহার * ফরমালেন নুর নবি রছুলে খোদায়। ছোবহানা রব্বিএল আলা কবে জে বান্দায় * এলাহি করিয়া মাফ গোনা খাতা তার। দাখেল করিয়া দিবে বেহেস্ত মাঝার * আর কহিলেন বহুত পড়ে জেই জন। খেচিবে রুজির দিগে তাহার কারন * আর ফর মালেন নবি রছুলে করিম। কহে জেবা ছোবহানা রব্বিএল আজিম * এহার বরকত হৈতে তাহার খাতেরে। গাছ এক রোয়া জায় বেহেস্ত মাঝারে * আর জেবা ছোবহানা রব্বিএল আলা কয়। গোনামাফ করে খোদা বেহেস্তে পৌছায় * ফর মালেন দুই কথা হালকা জোবানেতে। কিন্তু সে দুবাত বড় ভারি তারাজুতে * বলিয়াছে নুরনবি জোবানে আপন। ছোবহানাল্লা সেস তক পড়ে জেই জন * বেসক বেআজা বেতে বেহেস্ত খানায়। দাখেল করিয়া আল্লা দিবেন তাহায়

—:*:—

তেইশঙা বাব তৌবার ফজিলতের বয়ান।

পয়ার। বলিয়াছে রছুলোল্লা তৌবা জেবা করে। জেবান্দা না গোনা কৈল তার বরাবরে * জেছা কোন গোনা না করিল সেইজন। তৌবাতে এছাই পাক করে নিরাঞ্জন *ফর মালেন নুরনবি সোন হকিকতো। গোনাতে সরমিন্দা হওা তৌবা করা মতো * অর্থাত করেন তৌবা বান্দা জেই জন।

সরমিন্দা হইলো জেছা গোনাতে আপন * ফরমালেন তৌবা করা জওানি ওক্তরে। তারে চেয়ে খোদা দোস্ত নাহি জানে কারে * আর জেছা হিলা আছে হরেক চিজেতে। তেমত গোনার হিলা জানিও তৌবাতে * আর আপে বলিলেন নবি মোস্তফায়। তৌবা এছা চিজ গোনা তামামি মেটায়* সোনহ ওক্ত এক বার তৌবা কর। আমি নিজে তৌবা রোজ করি সও বার* ফরমালেন তৌবা কর তোমরা সবাই। খোদা হৈতে নাওক্মেদ কভু হৈয় নাই * কেননা এলাহি হৈতে না ওম্মেদ হওা। এইত কুফরি কাম নাহি রাখ রওা * বলিয়াছে নুরনবি রছুল রর্ব্বের। সেতাবি করহ তৌবা আগে মওতের * তো-মরা করহ তৌবা খোদার রাহায়। তৌবাকরা চাই মওতের পহেলায় *

—:*:—

চব্বিসওা বাব তঙ্গ দস্তি মোহতাজির ফজিলতের বয়ান।

পয়ার। বলিয়াছে এই বাত রছুলে খোদার। মোহতা-জিতে আছে জানো ফখর আমার * দোছরা হাদিছে নবি কহে এই ধারা। মোহতাজিতে লোগের ছামনে লাগে বুরা * কিন্তু মোহতাজির খুবি নজদিগে খোদার। কেয়ামত দী-নেতে মোরতোবা বেশুমার * হজরত কহিলো দুস্তী রাখা ফকিরের। এইতো খছলত জানো আম্বিয়া লোগের * আর জে বোগজ রাখা ফকিরের সাতে। এই কাম ফেরাউনের খছ-লোতের মতে * ফরমালেন খোদার খাজানা খানা হৈতে। মোহতাজি খাজানা খানা জানিও দেলেতে * বেলাসক কুঞ্জি আছে হরেক চিজের। বেহেস্তের কুঞ্জি মহর্ব্বত ফকি-রের * ফরমালেন দোস্ত তাহে রাখে পরয়ার। জে সব ফকির ইমানেতে ওস্তয়ার * আর জেবা বাজ রহনেওলা ছয়া-লেতে। আর জে কবিলা দার কবিলা ঘরেতে * খ বি আর

খুসী মেরা সেইতো ওক্তেতে। নাতয়ান জারা সবে আছে ফকিরিতে * কহিলো বোজরগি এক আছে ফকিরিতে। বোজোরগির বিচেতে বরতর সবা হৈতে * এত্তা ফজিলত ফকিরের গনি পরে। মেরা ফজিলত জেছা থল কুল্লার পরে * ফকিরি সে চিজ আল্লা নাহি বক্সে কায়। কিন্তু বকসীয়াছে তাহা নবি সবাকায় * কহে হিন মনিরদ্দি দরগায় খোদার। ফকিরি হালেতে রাখ দুনিয়া মাঝার *

—:*:—

পচিসঙা বাব নেকার ফজিলতের বয়ান।

পয়ার। নবিজি কহেন নেকা করন বরকত। ফরজন্দ হইলে ঘরে বরসায় রহমত * তাজিম কোরহ তুমি আওলাদে আপন। জেছা এবাদত করা লাড়কার পালন * তাজিমের মানি লিখিয়াছে এজিকির। আওলাদ জানিবে নিয়ামত এলাহির * পরওরেস কোরে তাহে করিবে পালন। তাজিমের এই মানি বোঝ ভাইগন * ফরমালেন নেকা করা ছোন্নোত আমার। মেরা সাতে নহে নেকা জে করে এনকার * ফরমালেন রছুলোল্লা আলাহে ছালাম। নেকা কর্‌া জেছা তার হইল গোলাম * বিবি জাহা ফরমাস করেন খছমেরে। গোলামের মত এনে দিতে হয় তারে * আর আনো আজাদ আওরোতে নেকা করি। সাওারিবে কাম সে লেউডির বরাবরি * গোনা হৈতে পাক হৈয়া সঙ্গেতে খোদার। মোলাকাত করিতে হয় এরাদা জাহার*তবেজে উচিত হয় তাহাকে এমতে নেকা করে কোন এক আজাদ আওরতে * কহিয়াছে এই কথা হবিব খোদার। তল্লাস করহ রুজি সাতেতে নেকার * এহার মতলব নেকা করে জে বান্দায়। রুজিতে তরক্কি তার দিবেন খোদায় * ফরমালেন রছুলোল্লা হাদিছে এছাই। বিনা জরু রহনেওলা সয়তানেরভাই * হাদিছেতে বলিয়াছে আপনি

হজরত। নেকা কৈলে মেলে তাতে আধা এবাদত * জব্দকে করিবে জেবা তাজিম পিয়ার। তাজিম পিয়ার আল্লা করিবে তাহার * বদতর মদ্দে বদ মেরা সে ওম্মত। জেজন কুঙারা থাকে নারাখে আওরত * আর জাহা আপনা জব্দকে খেলা-ইবে। তাহাতে জে খয়রাতের ছয়াব মিলিবে *

ছাব্বিশঙাঃবাব জেনাকারি হারামির আজাবের বয়ান।

পয়ার। বলিলেন এইবাত আপনি হজরত। জেনাকারে জেনা হৈতে নামেটে কোলফত * দুর করে দেয় জে রৌসনি চেহেরার। আর ঘাটাইয়া দেয় ওম্মর তাহার * কহিল চক্ষের জেনা হয় এপ্রকার। না মহরেম নারি দিগে তাকা বারে বার অতেব্ চাহিয়া দেখা বেগানা আওরতে। বড় ভারি গোনা এই জতো গোনা হৈতে * আর ফরমালেন গোনা হয় দুপায়ের। চলিয়া জে জাওা তরফেতে হারামের * ধরিবা হারাম চিজ দুহাতের জেনা। একামেতে বাঁচিয়া চলিবে জোত জোনা * ফরমালেন এই কথা নবি নামদার। জেনাকারি হারামি জে করে একবার *জোত এবাদত করে সত্তুর সালেতে। বাতেল হইবে সব এঙ্গই জেনাতে * এরসাদ করিল নবি জোবানে আপনা সেরেকের নিচে এক আছে ভারি গোনা * জে কেহ ডালিলো নতফা রেহেমে নারির। হালালনা ছিলো জাহা তাহার খাতির বলিলেন নুরনবি রছুল খোদার। দোজখেতে জতেক দো-জোখি গোনাগার * ফরিয়াদ করিবে তারা খোদার দরগাতে টিকিতে না পারে জেনা কারের বোয়েতে * সরম গায়েতে এত্তা বোঁই হবে তার। সে বুয়ে ফাটিবেনাক দোজখি সবার আরএই বাত নবি জোবানেতে কয়। জেনা আর তওঙ্গরি একাত্র না হয় * নবি কহে ছেড়ে দেওা জেনাকারি কাম। রুজির তরোক্কি তাহে খেচিবে মোদাম * এহিতো আ-

রজ করি তোমার দরগায়। জেনাতে পরহেজ রাখ মমিন সবায় *

সাতাইসওঁ বাব লওাততের আজাবের বয়ান।

ফরমালেন এই কথা দিন পয়গম্বরে।সহওতের সাতে বোছা দেও কার তরে * তবে দোজখের আগে হাজার বচ্ছর। আজাব করিবে তাহে পাক পরওর * জদ্দবি দরিয়ায় নায় কোরে লওাতত। পাক নাহি হবে সে লাগাত কেয়ামত * জদি কোনো লাড়কি দিগে সহওতের সাতে। বোছা দেয় তবে তাহে রোজ কেয়ামতে * আগুনের লাগাম মুখেতে দিয়া তার। দোজখে ডালিয়া দিবে জলিল জর্ব্বার * আর ফরমালেন আপে নবি নেক জাত।সহওতে লাড়কার পরে জে ডালিবে হাত *খোদা আর ফেরেস্তারা জতেক এনছানে। লানত করিতে তাহে রহে জোনে২ * ফরমালেন রছুলোল্লা আপে এই বাতে। লাড়কিরে জে বোছা দেয় সহওতের সাতে আজাব করিবে তাহে পরয়ার দেগার। সত্তুর খিরিফ তক দোজখ মাঝার* জানিবে খিরিফ হয় আসি বচ্ছরেতে। ছহাজার ছয় সত হয় হেছাবেতে * ফরমালেন জেবান্দা আপনা কবিলারে ।আবেসে পিছের রাহে ছোহবত করে *এছা বুড়া কামে আল্লা পরয়ার দেগার। উল্কা করে ডেলে দিবে দোজখ মাঝার * আর বলিলেন এহা সাফিওল ওম্মত। পিছে রাহে বিবি সাতে জে করে ছোহবত * ওঠাইবে খোদা জবে রোজ কেয়ামতে। বদবু হইবে বেসী মোরদার হইতে * আর নাব নাম দার এহা ফরমাইলো। সহওতের সাতে বোছা লাড়কিরে জেদিলো * জেয়ছা সেহ আপনার মায়ের সঙ্গেতে। করিলো সত্তুর বার জেনা কারি তাতে* আওরতে২ মিলে করা জেনাকারি। হারামির কাম তাতে গোনা বড় ভারি * নাউজ বেল্লা এছা২ কামে পানাচাই। কেহ জেন নাহি করে এমন বুরাই *

আটাইশঙা বাব সারাব খোরের আজাবের বয়ান।

পয়ার। নবি কহে দুনিয়ার সারাব জে খায়। সরা-
বোন তোহুরা সে নাপাবে সেথায় * ফরমালেন সাম ওক্তে
সরাব জে খাইল। মসরেক হইয়া জেছা রাত কাটাইল *
আর ছোবে জেই লোগ সারাব পিইল। সাম তক জেছা
সেহ সেরেক করিল * আর ফরমালেন নবি দীন পয়গম্বর।
সারাব জানিবে জতো নাপাকের জড় * ফরমালেন রছু-
লোল্লা সারাব জে খায়। জেয়ছা এক ঠাই কেলো তামামি
গোনায় * নবি কহে বোত পোরোস্তি করে জেই জন। সা-
রাব জে খায় সেহ তাহারি মতন * বলিলেন নবিজি সারাব
জারা খায়। পুজনেওলা মত তারা লাতও ওজ্জায় * লাত
আর ওজ্জা নাম আছে দুবোতের। এছলামি দীনের আগে
আছিলো জাহের * জতো লোগ মসরেকিন ছিলো আর-
বের। পরস্তেষ করিতো তারা ঐ দুবোতের * আর এছা ক-
হিলেন নবি মোস্তফায়। জানো তারে মালাউন সারাব জে
খায় * আর এক হাদিছেতে এছাই বলিলো। তহকিক জা-
নিবে জেবা সারাব খাইলো * ঐ সব চিজে সেহ করিলো এন-
কার। খোদা জা ভেজিলো নবিগনে আপনার * বলিলেন
নবি কার পেটের দরমায়ান। হরগেজ নাজমা হয় সারাব
ইমান * আর কহে জেই বান্দা সারাবির তরে। ছালাম
মোছাফা তার করে হাত ধরে * তাজিম তকরিম করা খা-
তেরে তাহার। চাল্লিস সালের নেকি জাঁয়া হয় তার *

উনত্রিসঙা বাব তেরেন্দাজির ফজিলতের বয়ান।

পয়ার। ফরমালেন এই বাত নবি মোস্তফায়। খোদার রা-
হেতে এক তির জে চালায় * জেছা সে গোলাম এক আজাদ
করিলো। দোছরা হাদিছে নবি এছা ফরমাইলো * সেথাই

বে সবে আওলাদেরে আপনার। তির মারা আর করা পা-
নিতে পায়ার * কহে জেবা তির মারে নেসান উপর। দুষ-
মুনে যে তির মারে তার বরাবর * ফরমালেন তেরেন্দাজের
তিরকে জে জন। বিচ খানে রুকে লিলে তাহার কারন * ম-
জুরি পাইবে সেই হর কদমের। ছয়াব জে গোলাম আজাদ
করনের * আর তির চালা সেখা জে জন ছাড়িলো। আমার
ছোন্নত জেয়ছা তরক করিলো * কিন্তু জে তরক কৈল আ-
মার ছোন্নত। নাহি আছে সেই বান্দা আমার সঙ্গত *
তির চালা সেখা ফের যেই বান্দা ছাড়ে। মেরা না ফরমানি
জেনো সেই লোগ করে * এলাহির রাহে জেবা দুসমনের
পর। এক তির চালাইবে কহে পয়গম্বর * পৌছে বা না
পৌছে তির উপরে তাহার। গোলাম এক আজাদের নেকি
পাবে তার * আর ফরমালেন এছা নবি দুজাহানে। সেখহ
তোমরা তির মারিতে দুষমনে * কেনো না জে দুই নেসা-
নেরদরমি য়ান। বেহেস্তের বাগ হৈতে আছে এক বাগান *

—:*:—

তিরিসওা বাব মা বাপের হক্যের বয়ান।

পয়ার। নবি কহে সবাকারে কহ এই বাত। জেবান্দা
এইছানি করে মা বাপের সাত * মা বাপের তাবেদারি
করিয়া আদায়। জাচাহ আমল করো নাহি কোন দায় *
এহঁাতক মোরতবা মা বাপের খেদমতে। হরগেজ সে
দাখেল না হবে দোজখেতে * আর জারা মা বাপের করে
না ফরমানি। জা আমল চাহে করে কহো এই বানি * দা-
খেল না হবে কভু বেহেস্ত মাঝার। কবুল না হবে কোনো
এবাদত তার * ফরমালেন রাজি তাহে পরয়ার দেগার।
জদি তাহে রাজি থাকে মা বাপ তাহার * মা বাপে রাখিলে
খোস আল্লা খোশ হবে। নারাজ রাখিলে আল্লা নারাজ

হইবে * নেকি করো মা বাপের সাতে আপনার। তবেতো করিবে তেছা ফরজন্দ তোমার * মা বাপে রাখিয়া রাজি জে করে বেহান। সেবান্দা আখেরে পাবে বেহেস্তে মাকান * ছুজোনার বিচে এক জোনা রাজি রয়। বেহেস্ত দরওাজা খুলে দিবে সে বান্দায় * মা বাপেরে রঞ্জ দিয়া সাম জে করিলো। কিম্বা ছুজোনায় এক রঞ্জিদা রহিলো * দোজখ দরওাজা খোলা জায় তার তরে। আর এক হাদিছ কহেন পয়গম্বরে * জদি তুমি আছো নামাজেতে আপনার। সে সোমে তোমার বাপ লাগে ডাকি বার * তবে সে নামাজ তুমি তরক করিয়া। তুরিত জোওাব দেহ বাপের লাগিয়া * কিন্তু নামাজেতে জদি ডাকে তেরা মায়। সে জওাব দেহ কোরে নামাজ আদায় * আজিয়েত জে কেহু পৌছায় মা বাপেরে। দাখেল হইবে সেহ দোজখ ভিতরে * ফরমালেন এই বাত নবি ছুজাহান। জারা চলে মা বাপের মানিয়া ফরমান * জা চাহে আমল করে না আছে ভাবনা। বকসাইবে গোনা তার এলাহি রব্বানা * আর জারা না ফরমানি করে মা বাপের। এই কথা বোলে দেহো তাদের খাতের * জাচাহো আমল করো নেকি বেশুমার। কিন্তু না করিবে মাফ পরয়ার দেগার * অর্থাত তাহার গোনা বকসা জাবে নাই। জতো নেকি করে দোজখেতে হবে ঠাই * ফরমালেন মা বাপে মারিলো জে জোনায়। বেসক হারাম জাদা জানিবে তাহায় * বলিয়াছে খোষ রাখনে ওলা মা বাপেরে। দাখেল না হবে কভু দোজখ ভিতরে * আজিএত দেয় জারা মা বাপ কারন। বেহেস্তে দাখেল না হইবে কদাচন ফরমালেন ছুক্ক জারা দেয় মা বাপেরে। বেহেস্তের বোই নাহি মিলিবে তাহারে *

একত্রিশওা বাব ফরজন্দের হক্যের বয়ান।

এই বাত কহিলেন রছুলে খোদায়। আপনা লাড়কায় জেবা আদব সেখায় * তবে গেঁহু কিম্বা খোরমা দেওা চার সের। হররোজ খয়রাত করা হইতে বেহতের * আর ফরমালেন নবি রছুলে খোদার। মহব্বত করো সবে আপনা লাড় কার * লাড়কার তাজিম করা জেয়ছা এবাদত। দোজখ আগুনে পরদা হইবে আলবত * ফরমালেন জে চাহে হছদ ছাড়ি বায়। আপনা লাড়কায় তবে আদব সেখায় * ফরমালেন এই কথা দিন পয়গম্বর। আপনা আওলাদে দেখে জে ভেজে সোকর * সোকর জে ভেজে দেখে আওলাদে আপন। তাকিয়া দেখিলো জেনো নবিকে আপন * নবি কহে মহব্বত করো শিশুগনে। পয়দা হবে পরদা তায় দোজখ আগুনে * আর খানা খায় জে আপন লাড়কা সাত। দোজখের আগুনে সে পাইবে নাজাত * লাড়কা দিগে আপনার করা মেহের বানি। পুল ছেরাত পার হইবার এ নেসানি * আপনা লাড়কায় বোছা দেওা খোস দেলে। এক দরজা ফি বোছার বদোলেতে মেলে * সে দরজা মিলিবে তায় বেহেস্তের বিচে। এছাই হাদিছে রছুলোল্লা ফরমিয়াছে * ফের বলিলেন নবি এবাত মাদ্দায়। মোহব্বত কর সবে আপনা বাচ্চায় * তাজিম করিবে জেবা আপনা লাড়কায়। বেহেস্তে তাজিম তার করিবে খোদায় * বলিয়াছে এইবাত আলাহেছালাম। বেহেস্ত দুয়ার এক বাবল ফেরানাম * অর্থাৎ জানিবে সেই দরওাজা খুসির। পৌছিতে নারিবে কেহ সোনসে জিকির * কিন্তু খুসি রাখে জারা বাচ্চায় আপন। সে দরওজা হইয়া পৌছিবে সেই জন * আর এক হাদিছেতে বলিয়াছে নবি। সেই যে দরওাজা জার লেখা গেল খুবি * জারা খোষ

রাখে আওলা দেরে আপনার। সে দরওাজা দিয়া জাবে বেহেস্ত মাজার *

বত্রিশওা বাব আজেজির ফজিলতের বয়ান।

পয়ার। বলিলেন এইকথা দিন পয়গম্বরে। আজেজি মিন্নতে জেবা হামে হাল করে * বোলন্দ করেন দরজা এলাহি তাহার আর তকব্বর জেই সোন হাল তার * সেই দরজা ঘাটাইয়া এলাহি বরহাক। পোস্ত কোরে দিয়া একুবারে করে থাক * আর ফরমালেন আপে দিন পয়গম্বর। নাহি এছা লোগ তার ছেরের উপর * আছে দুজিঞ্জির এক সাতোওা আছমানে। আর এক গেছে তার জমিনের পানে * জেবান্দা আজেজি করে খোদার হুজুরে। সাত আছমানের দিগে দেয় উচাকরে * আর জেবা তকব্বরি করে দুনিয়ায়। সাত জমিনের পানে নিচা করে তায় * ফরমালেন ফোরতানি করনে ওলার। মোলাকাত হয় ফোরতানি কর তার * আর তকোর্ব্বর সাতে হৈলে মোলাকাত। তুমিবি করহ তকব্বরি তার সাত * ফরমালেন ফোরতানি করিবার ছের। শুরু করা কথা তার সাতে ছালামের কিন্তু সেই লোগ জদি মছলমান হয়। ছালাম করিয়া ফোরোতানি কর তায় * মজলেছের বিচে আপনায় জান তিন। জাতে রাজি হয় তুঝে তামাম মমিন * আর ফরমালেন নবি রছুলে রব্বানি। বোজোরগির ভেদ বাত করা ফোরোতানি * ফরমালেন তার পরে নবি মোস্তফায়। পরহেজ গারিতে মেলে বোজোরগি বান্দায় * তওঙ্গর সেই জার একিন কামেল। ফোরোতানি বিচে হয় ছরদারি হাছেল * নিএামতের ছাহেবে হছদ করা জায়। কিন্তু ফোরোতানি জদি থাকে সে বান্দায় * ফোরোতানি খোয় জান আম্বিয়া লোগের। তকব্বরি খোয় ফেরাউন কাফেরের *

তেত্রিশওা বাব চুপ থাকার ফজিলতের বয়ান।

ত্রিপদি। কহে সফিওল ওম্মতি, দশচিজে ছালা মতি, নয় চিজ চুপ থাকা তার। বেহুদা কালাম হৈতে, জবান সামালো তাতে, শুধু কর জেকের আল্লার * আহাম্মকের ছহবত, ছাড়া চাই সে সঙ্গত, বস ভাল দানার ছহবতে। পরে নবি দয়াময়, একথা জবানে কয়, পারছাই খামস রহি বাতে * ফরমালেন নুর নবি, খামশ থাকায় খুবি, জান তাহা এছলামের ছের। কহিয়াছে ছাহাবাতে, রাজি তাহে পাক জাতে, না পাকিত আছে কি চিজের * একচিজ এ মাদ্দায়, মুখের না পাকি তায়, বেহুদা ফাঁহেসা বাত করা। বেহুদা জে জন কয়, জবান না পাক হয়, জানিবে বেহুদা এছা বুড়া * তামেচার জওাবেতে, তামেচা মারহ তাতে, রছুলোল্লা কহিল এমনি। কিন্তু আগে মারে জেই, জালেম বেসি হৈল সেই, কহে সেখ রহমতুল্লো বানি * জদি বাত চান্দি কয়, চুপ থাকা শুনা হয়, খামসিতে জড় ইমানের। বদে চুপ রহে জেই, ছালামত রৈল সেই, জান একওল রছুলের * জেবান্দা না কিছু কয়, সে লোগ নাজাত পায়, চুপ থাকা মমিনের তাজ। ফরমালেন রছুলোল্লা, আলেমে না চুপ ভালা, নছিহত আলেমের কাজ *

চৌতিশওা বাব কমখাওা ও কম সোওার ফজিলতের বয়ান।

পয়ার। এইকথা কহিয়াছে রছুল রব্বের। তিন চিজে শুস্তি পয়দা করেজে দেলের * দোস্ত রাখা নিন্দ আর বেহুদা কালাম।আর বেসি দোস্ত রাখা খানা পিনা তাম* আর জেবা দুনিয়াতে পেট ভোরে খাবে। আখেরেতে ভুকা ফাক্যা সে বান্দা রহিবে * দুনিয়াতে ভুকা ফাক্যা রবে জে বান্দায়

আছুদা করিবে খোদা আকবতে তায় * ফরমালেন নুর নবি রছুলে খোদার। তামামি কামের ভুক জানিবে ছরদার * ভুকা ফাক্যা বিচেতে রহিবে জেই জন। এলেমেতে আলেম হইবে সেইজন * আছুদা হইয়া খেতে চাহে জে বান্দায়। হালাল হারাম মিলে জায়ত তাহায় * বেসক হারাম খাওা হইল তাহার। আছুদা খাইতে এতো বিপরিত তার * ফরমালেন ভুক এবাদতের মগজ। বন্দিগি করিতে নারে পেটে হৈলে বোজ * বলিলেন আপে ফের তোমরা সবায়।দেল জেন্দা রাখ থোড়া হাসি ও সোয়ায় * ভুকা ফাক্যা সাতে পাক রাখহ বদন। খোদার বোজরগি পানে কর নিরক্ষণ * ফরমালেন তনদোরস্তি না থাকে তাহার। বহুত খাইতে মনে লালোচ জাহার * ফরমালেন বহু পেট ভরে জেবা খাবে। নানামত বিমারিতে গেরেপ্তার রবে * কিন্তু পেট খালি রেখে খায় জেই জন। থোড়া এলাজেতে রোগ হবে নিবারন *

—॰॰৷৷॰॰—

পয়তিশঙা বাব খল খল করে হাসিতে মানা তাহার বয়ান।

পয়ার। হজরত কহিল বেসি হাঁসে জেই জন। দেল তার হয়ে জায় মোরদার মতন * আর মছজিদের বিচে জেবান্দা হাঁসিবে। তাহার কবর বড় আন্দার হইবে * কহেন হজরত নবি জোবানে আপনা।কাঁহা কাঁহা মারিয়া হাঁসিবে জেই জনা * সে জেন আক্যেল দুর কৈল আপনার। বড়ই বেকুফ লোগ হেনো হাসি জার * ফরমালেন খল খল করে জে হাসিবে। আল্লা পাক তার পরে লানত ভেজিবে * ফরমালেন বহুত জে হাসে দুনিয়াতে। অঝর নয়ানে সে কান্দিবে আখেরেতে * দুনিয়াতে কান্দে জারা আখের ভাবিয়া। বহুত হাসিবে আকবতে খোস হৈয়া * বহুত হাসেন জারা কহে পয়গম্বরে। রোয়াব খোয়ায় সেহ লোগের হুজুরে * তাহার

খাতেরে লোগ হালকা জানে তায়। বোয়দোওারি আপ-
নার একামে হারায় * ফরমালেন এছাই নকল জে করিবে।
জাতে তার সঙ্গি হেঁসে লোউ পোট হবে * তহকিক সে
লোগে সাজা দিবেন জর্ব্বার। ওন্দা কোরে ডেলে দিবে দোজখ
মাঝার * আর হাঁসি নবিদের ছালাত খোদার। মসকা-
রানা জেয়ছা করা হয় সবাকার * আর হাসি সয়তানের
খোদার লানত। কাহা কাহা মেরে হাঁসা তাহার আদত *

ছত্রিশঙা বাব বেমার পুরছির বয়ান।

এই কথা ফরমালেন নবি মোস্তফায়। বেমারের বিমার
পুরছি করিবে সবায় * আর জানাজার সাতে পিছে পিছে
জাবে। আকবত আপনার ইয়াদ করিবে * ফরমালেন নুর
নবি জোবানে আপন। বিমার লোগেরে হাল পোছে জেই
জন * সে লোগ আছেন জেন বেহেস্তের রাহে। জাবত না
ওঠে এছা নেকি মেলে তাহে * এই কথা বলিয়াছে নবী
নেক জাতে। বিমারির হাল পোছা পহেলা দিনেতে * ফ-
রজ জানিবে তাহা মমিন সকল। দোছরা দিনেতে পোছা
জানিবে নফল * ওজেব বিমার পুরছি তিন দিন পরে।
তিন দিন আগে না ওজেব হয় কারে * নবিজি কহিল
এছা কোন লোগ নাই। করেন বিমার পুরছি নিয়ত ভা-
লাই * কিন্তু সে নেকলে জবে দেখিতে বিমার। ফেরেস্তা
নেকালে সাতে সত্তর হাজার * তথা হৈতে যতক্ষণ ঘরে
না আসিবে। ফেরেস্তারা মাফি তার চাহিতে রহিবে * ফর-
মালেন জায় জারা বিমারে দেখিতে। দাখেল সে হয় গিয়া
খোদার রহমতে * অতেব লাগায় গোতা রহমতে খো-
দার। দোছরা হাদিছে নবি কহে আরবার * জানিবে বি-
মার পুরছি করা জাহেলের। জিয়াদা তকলিফ তাতে হয়

বিমারের * আর করমিয়াছে হাল পোছা বেমারের। এ আন্দাজা ছাড়া জেছা পেস্তান উটের * অর্থাত জাইয়া কেহ বিমার পুরছিতে। দোরোস্ত না আছে তথা জিয়াদা বসিতে * এ আন্দাজা বসে জেছা দুধ দোওাইতে। এক লহজা ছাড়ে বাটে দুধ জে আসিতে * দোওাইয়া লেয় দুধ আসাতক ফের। এ আন্দাজ বসা চাই কাছে বিমারের * বলিয়াছে রছুলোল্লা হাদীছে এমন। দেখিতে বিমার লোগে জাইবে জখন * পহেলা পেসানি পরে রাখিবেন হাত। নহে হাতে হাত রাখি পুছিবেন বাত * কেমন তেবি এত কেছা আছ এ সোমায়। দোওা দিবে হায়াত করে দারাজ খোদায় * আর বলিলেন এহা নবি নেকজাতে। তহকিক এলাহি ফরমাইরে কেয়ামতে * ওহে আদমের বেটা হইনু বিমার। না কৈলে বিমার পুরছি তুমিত আমার * রওাএত আছে বারার এবনে হাজেব হৈতে। হুকুম করিল নবি বিমার পুরছিতে * ফরমালেন ভুকা লোগে খানা খেলাইবে। বিমার লোগের গিয়া আহওাল পুছিবে * ফরমালেন এই বাত দিন পয়গম্বর। পাঁচ হক মমিনের মমিন উপর * ছালাম করিলে তার আলেক কহিবে। বিমার লোগের হাল জাইয়া পুছিবে * জানা জার পিছে পিছে জাবে তার সাত। দাওত কবুল করো ছোন্নোতের বাত * যে কেহ আল্‌হামদ্‌ কহে ছিকিয়া সেতাব। ইয়ার হামো কোমল্লা করে শুনিয়া জোওাব *

—:*:—

সাইত্রিশণ্ডা বাব মওতের আহওালের বয়ান।

মউত এক পোল নবি গিয়াছে কহিয়া। দোস্তের তরফে দোস্তে দেয় পৌছাইয়া * ফরমালেন আছে চার মউত এছাই। আলেম মরিলে জায় দীনের রোসনাই * জখন আলেম

মরে বুঝে দেখ মনে। দিন রোখা জায় ওাজ নছিহত বিনে * তওঙ্গর গনি জবে ছাড়ে দুনিয়ায়। দেলের হছরত তার দেলে রয়ে জায় * দরবেসের মওতে আরাম মেলে তায়। মরিলে আমির লোগ ফছাদ তাহায় *এরসাদ করিল নবি দীন পয়গম্বরে। এলাহির দোস্ত জারা মরিয়া না মরে * জেছা এক ঘর হৈতে আর ঘরে জায়। এছাই আল্লার দোস্ত মরে দুনিয়ায় * মমিনের মরনে আরাম তাহে মেলে। রোখে দিন এ ছলাম আলেমের এন্তে কালে * ফরজন্দ আদম জবে করে এন্তে কাল। ছুটিয়া জে জায় তার তামামি আমাল * কিন্তু কয় চিজে নেক কাম থাকে জারি। ছওাব খয়রাত মতে রহে বরাবরি * হাওজ ওকুঙা আর মোছাফের খানা। লাড়কা নেক বক্ত ছেড়ে জাওাজে আপনা * জিন্দেগিতে এছা কাম কোরে যদি জায়। মোছলমান লোগে তার ফাএদা জে ওঠায় জেছা তছনিফাত করা কেতাব কালাম। জাতে হেদাএত পায় জত খাছ আম * এছাই আওলাদ রেখে জায় দুনিয়াতে মা বাপের তরে দোওা মাঙ্গে সে দরগাতে * আর ফরমালেন নবি তোমরা সবায়। লজ্জত জে তোড়ে কর ইয়াদ তাহায় * কেহু পোছে কহ আপে লজ্জত কে তোড়ে।মওত মওত২ কহে তিন বারে * ফরমালেন নবি এছা রহো দুনিয়ায়। জেছা তু গরিব নহে মোছাফের প্রায় * আপনার জানে তুমি এমত বুঝিবে। গোরে জারা আছে তার সঙ্গেতে রহিবে * জখন আলেম কেহু মরে দুনিয়ায়। আছমান জমিন কান্দে জত ফেরেস্তায় * করেন সত্তর দিন রোনা জারি তারা। এছাই আলেম লোগ খোদার পিয়ারা * ফরমালেন রছুলোল্লা আলেম মরিলে। তার তরে জারেজার জে না হয় দেলে * আলেমের মরনে গমগিন জেনা হয়। মনাফেক তারে নবি তিন বার কয় * ফরমালেন মমিনের মরন সময়। পেসানিতে আরক তাহার বার হয় * বাজে কহে সে আরক ছেকরাত মওত

পেসানিতে আসে ঘাম মরন সের্দ্দত *আর বাজে লিখিয়াছে এছাই প্রকার। এহি আলামত খাছ মমিন বান্দার * রওাএত আছে আবি আমামা হইতে। কহে তিনি এক রোজ আমরা সবেতে * মতওজ্জা হইয়া বসি নবির হুজুরে। আখেরের ইয়াদে নরম সবে করে * এহাতে ছইদ নাম বেটা ওকাছের বহুত কান্দিল তিনি গমে আখেরের * কহেন হজরত নবি আচম্বিতে মরা। বড় আফছোছের বাত এমউত বুড়া * গজব এলাহি বড় এহালে মউত। কেননা করিতে তৌবা নামেলে মেহলোত * আমাল খেএর কিছু করিতে নাপায়। দেলের আফছোছ তার দেলে রোয়ে জায় * বলে গেছে এইবাত আপনি হজরত। মমিনের তোহফা ভেট জানিবে মওত * ফরমালেন রছুলোল্লা ছাহাবা সকলে। তোমা বিচে কেহ না মরিবে এছা হালে * জখন মওত আসি পৌঁছবে জাহার। খোদার ভরসা হবে নেক হইবার * মোছলমান জেই লোগে ফওত করিবে। ওয়াদা জা করিল খোদা তাহা সে পাইবে * রহমতে খোদার আর মক্যরেতে তার। ওম্মেদ হইবে দেলে সেইতো বান্দার *

—:*:—

আটত্রিশওা বাব কবরের আহওালের বয়ান।

পয়ার। ফরমালেন রছুলোল্লা কবর মাদ্দাতে। গোর এক বাগ বেহেস্তের বাগ হৈতে *নহেত খোন্দক এক হৈতে দোজখের। খোন্দক বাগান জাহা হইল জেকের * বেহেস্ত বাগাণ গোর মমিন বান্দার। কাফের লোগের গোর দোজখের গার * ফরমালেন রছুলোল্লা দিন পয়গম্বরে। গোরে রাখা জায় জবে মমিন বান্দারে*সবুজ রঙ্গের একবাগ খোলা জায়। সত্তুর গজ লিয়া হবে রৌসনি তাহায় *এছাই রৌসনি তার না হয় বয়ান। চৌর্দ্দহইর চাঁদ জেন উদয়ে আছমান * চৌর্দ্দহই রা-

তের চাঁদে জেমন রোসনাই। গোরেতে রৌসনি তার হইবে তেছাই * এইকথা বলিলেন ছরওরে আলম। একিন জানিত জদি ফরজন্দ আদম * কেছাই আজাব সক্ত হবে কবরেতে। তাহোলে না মজিত দুনিয়ার নিএামতে * হায়কি আজাব আছে কবরেতে গিয়া। কভু নাহি ফায়দা তাকে দিত এ দু-নিয়া * অর্থাৎ জা নিয়ামত জতই দুনিয়ার। আখেরের আ-জাবে জানিতো সব খাঁর * পানা চাই দোওা মাঙ্গ খোদার দরগাতে। বাঁচায় এলাহি আখেরের আজাবেতে * ফরমালেন রছুলোল্লা ছাহেবে জাহান। নাহি কোন বান্দা এছা আছে মছ-লমান * জবেসে পৌছেন কোন গোরস্থানে গিয়া। কবরের মোরদা কহে আয়ট পাইয়া * আয় বেখবর বড়া আফছোছ এবাতে। আমি জাহা জানি জদি পারিতে জানিতে * তবে গোস্ত চরবি জত বদনের তেরা। আল বোত্তা গলিয়া সব হৈত পারা পারা * ফরমালেন পাহছানিতে দুনিয়ায় জারে। গো-রোস্তানে জাইয়া ছালাম কর তারে * আর জদি সেই মোরদা পাহছানে তাহায়। ছালামের জওাব সে দিবে তৎক্ষণায় * ফরমালেন গোরে জবে রাখিবে মোরদায়। দফনের বাদে তুলে বসাইবে তায় * ঘরেতে জতেক তার মা বাপ এগানা। হায় হায় করে সবে করিবে রোদোনা *বাপ কবে হায় বেটা ছেড়ে গেলে মোরে। কেহুবা ছরদার বলে হায়২ করে * কেহুবা কহিবে হায় আছিলে আমীর। তখন ফেরেস্তা কবে মোরদার খাতির * তুমিকি ছরদার আর বুজর্গ আছিলে। শুনে মোরদা কবে ওরা বেহায়া না হৈলে * এছাই তহমত ঝুট না দিত আমায়। তবে হেলাইবে এছা ফেরেস্তা তাহায় * দাহিনা বায়ের জত পাঞ্জরা তাহার। এক ঠাই মিলে জাবে ধমকেতে তার * রওাএত করে ইছা বেটা মরিয়েমের। ছালাত ছালাম তাতে এলাহি পাকের * ফরমালেন মছিহা বহুত রুহ দার বদনের তন দোরস্ত চেহেরা বাহার * বয়ান সে করনেওলা

তেজি জোবানেতে। দোজখের তবক হবে সকলে চিখিতে * দোজখের আজাবে হইবে ছার খার। ফরিয়াদ করিবে কত হয়ে জারে জার * এইমত কোনলোগ নকল করেছে। জিজ্ঞাসিল কেহ কোন আলেমের কাছে * কোন২ কবোরেতে হইবে আ-জাব। তখন সে ওলমা দিলো ছওয়ালে জওয়াব * আম্বিয়ার গোর ছেওা জত কবোরেতে। আজার হইবে ঠিক জানিও ম-নেতে * জানা চাই নবিদের কবর ছেওায়। তামামি ক-বরে হবে আজাব মোরদায় * ফরমালেন আখেরের ম-ঞ্জেল হইতে। পহেলা মঞ্জেল গোর জানিবে সবেতে * বাজে আলেমেতে কহিলেন এ প্রকার। রহম করেন আল্লা উপরে তাঁহার * মওত দরওজা এক আছে যে এছাই। জ-রুর দাখেল হবে এড়াবার নাই * দাখেল হইতে হবে চারা নাহি কার। জন্মিলে মউত হবে জিন্দিগী অসার *

—:*:—

উনচল্লিসওা বাব নওহার আজাবের বয়ান।

ত্রিপদি। কহে দিন পয়গম্বরে, নওহা মাইয়ত ঘরে, ছাতি কোড়া কাঁন্দা চেল্লাইয়া। একাম বহুতি বুরা, জে করে জাহেল তারা, জাবে খোদা নারাজ হইয়া * আল্লা আর ফেরেস্তার, তামামী লোগের আর, এ সবার দুষমুন হইবে। আর বার কহে নাব, নওহা করনে ওলা সবি, হাসরেতে এহালে আসিবে * কোত্তা হাকে জেছা ধারা, ভুকিতে ভুকিতে তারা, পৌছিবেক করিয়া রোদন। ফরমালেন যেই নারি, মাথা কুঁড়ে করে জারি, গোর হৈতে উঠিবে জখন * ছেরের জে চুল খুলে, লেপটাইয়া খাক ধুলে, লানেতের চাদর উড়িয়া। হয়ে জেন এলো খেল, কবে কি খারাবি হৈল, আসিবেক কান্দিয়া কান্দিয়া * কহিলেন পয়গম্বরে, জারা সবে নওহা করে, লানোত ভেজেন পাক বারি। জেবা কান্দে

চেল্লাইয়া, শোনে জারা দেল দিয়া, হালকা বেন্দে জারা করে জারি * নওহা জারা শুরু করে, বুকে মারে মাথা কোড়ে, অঙ্গে তেল দাগ দেয় জারা। গুদানি ওজুদ পরে, মুখ জে দারাজ করে, কেয়ামতে সবে জাবে ধরা * কান্দা আর নওহা করা, একাম কুফুরি ধারা, রছুলোল্লা কহিল এভাবে। জতেক কুফর জাত, আপনা ইয়ার সাত- জাহান্নামে দাখেল হইবে * ফের নবি এহা বলে, কোন মছিবত হৈলে, কান্দে জারা করিয়া বয়ান। মোনাফেকে সে বান্দার, নাম লেখা জাবে তার, বেচে চল জত মোছলমান * ফরমালেন নবি ফের; দুআওাজ লানতের- দুনিয়া ও আখেরেতে তাহা। গান গাইবার ওক্তে,আওাজ বারেকি সাতে, মস্ত হৈয়া বলা আহা আহা * দুতিয়া আওাজ ফিরে, নওহা মাতম করে; মছিবত হৈলে উপাসন। কহে নবি এইধারা, গেরেবান ফাড়ে জারা: কিম্বা গাল নোচেন আপন * নওহা করে এ প্রকারে- বুকে মারে মাথা কোড়ে. সেই হালে মোরে জদি জায় সও দিন পিছে আর, মওত হইলে তার. বড়া গোনাগার হবে তায় * ফরমালেন এইধারা; গেরেবান ফারে জারা, কিম্বা নোচে পোচে রোখছারায়। তবে পাক ছোবহানে, নাতাকিবে তার পানে, জিওান্তে কিমরন সোমায় * আর নবি কহৈ ফের, না হালাল মেএ দের, খুলে রাখা মাথা আপনার। কাপড় ভিতর হৈতে, চুলরাখে বাহিরেতে, সেনারির সাঁজা সোন তার * আপে আল্লা পাক জাতে, হর চুল বদলেতে, এক২ গোনা লেখাইবে। জত চুল আছে ছেরে, সোমারেতে মাহাদরে, তত দাগ ওজুদে দাগিবে * নাফরমান গোরোসাতে, ওঠাইবে সে আওরোতে, সেই রোজ ময়দান হাসরে। আরজে লানত তাকে, ভেজিবেক আল্লা পাকে, ফেরেস্তা ও জত পয়গম্বরে *

—:*:—

চল্লিশওা বাব ছবরের ফজিলতের বয়ান।

পয়ার। ফরমালেন রছুলোল্লা আলাএহেছালাম। ছবর করহ মছিবতে লাকালাম * মছিবত পৌছে জবে কোন আজি এতে। চাহি জে ছবর করে রহে সে হালেতে * দোস্ত জবে রাখে কোন বান্দাকে খোদায়। পরিক্ষা করেন এছা বালা দিয়া তায় * না হয় এলাজ দাওা সাফা তাহে মেলে। সেহালে ছবর করে থাকে জদি দেলে * তবেত কবুল তাহে করেন খোদায়। আর জদি রাজি থাকে পোড়ে সে বালায় * তখন পছন্দ তাহে করে পাক বারি। এহাঁতক পারে জদি করিতে ছবরি * এইকথা বলিয়াছে নবি ছরয়ার। না কোন সরবত বেসি পিয়ার খোদার * সেই জে সরবত জান ছবর কহলায়। তাহাকে জে ঘোটা মছিবতের সোমায় * গমগিন করিয়া ডালে জেই মছিবতে। ছবর করিয়া দেল ফেরায় তাহাতে * না করে মাতম গম তাহার কারন। গোস্বা গজবেরে ঘোঁটে ছবরে আপন * মছিবতে জত দুক্ষু জাতনা সে পায়। বরদোশ্তারি ছবরেতে তাহাকে ফেরায় * হাদিছেতে বলিলেন ছাহেবে জাহান। একিন করিয়া তাহা সোন মোছলমান * ওছিওত বিচে সেই এলাহি পাকের। ছবর এক অছিওত বান্দার খাতের * জে কেহ সে অছিওত রাখিবে ইয়াদ। নাজাত পাইবে আর পাইবে মুরাদ * কিন্তু জেবা সেই অছিওত জায়া করে। হাল্লাক হইবে সে খোদাই বালা পরে * ফরমালেন নুরনবি রছুলে খোদার। ওহি ভেজিলেন আল্লা তরফে মুছার * দরুদ ছালাম তাঁর উপরে খোদার। জে বড়া বুজর্গ আম বকশেষ তাহার * এলাহি কহিল সোন মুছা পয়গম্বর। রাজি জে না হয় মেরা কাজার উপর * আর নাহি সোকর গোজারি জারা করে। মেরা পরে আর মেরা নিয়ামত পরে * তবে তারে চাহি মেরা আছ-

মানের নিচে হৈতে। নেকলিয়া জায় সে না রহে এলাকাতে* আর তারে চাহি জেন আমার ছেওায়। ঢুড়িয়া সে লেয় আর দোছরা খোদায় * রওাএত করে আলি মরতোজা আপনি। কহে তিনি রছুলোল্লা কহিল এবানি * জানিবে ছবর করা তিন রকমেতে। পহেলা ছবর চাই গোনার প-রেতে * দুনিয়াতে মছিবোতে করিবে ছবর। তেছরা ছবর ফরমা বরদারির পর * তার বিচে গোনাতে জে হইবে ছাবের। তিন শত দরজা সেই রাখে ছয়াবের * মছিবতে ছবর করেন জে বান্দায়। পাঁচ সোও ছয়াবের দরজা সেহ পায় * হুকুম বরদারি কামে ছবর জে করে। সাত সত ছয়া-বের দরজা সেহ ধরে * একরাবি কহে মছিবতে জে বান্দায়। ছবর করিলে নয় সও নেকি পায় * দুনিয়া ও আছে জাহা দুনিয়া উপর। তাহা হৈতে ভাল এক ঘড়ির ছবর * ফর-মালেন রছুলোল্লা দিন পয়গম্বর। আরামের কুঞ্জি জান করিবা ছবর * কহিয়াছে মসাএখ খোদার রহমত। জানিবে ছবর করা আছে চারি মত * ফরজে ছবর করা মছিবোতে আর। কেহ দুক্ষু দেয় ধরে জোরে আপনার * সেহালে আপনা দেলে করিবা ছবর। আরজে ছবর করা মহতাজির পর * কিন্তু জে ছবর করা ফরজের পরে। তওফিক এলাহি এহা জানো-বেরাদরে * দুতিয়া ছবর করা মছিবতে আর। ছয়াব পাইবে তার হুজুরে খোদার * লোগের জে আজিয়েতে ছবর করিলে দুস্তি মোহর্ব্বত জান হয় এই হালে * মোহতাজির হালেতে ছবর করা আর। একামেতে রেজা মন্দি জানিবে আল্লার * আর এহা বলিলেন নবি নেক জাত। এলাহি আলমিন ফর-মালেন এই বাত * জবে মেরা বান্দা বিচে বান্দা কোন জোন এছা মছিবতে গিরে হয়জালাতন * বিমারির সেদ্দতে থাকেক জারেজার। ওঠায় হাজার দুক্ষু জানে আপনার * জান আর মালে আর আওলাদে আপন। কত বালা গেরে তাহা না জায়

কথন * কিন্তু সেই বান্দা না কাতর হয় তাতে। ছবর করেন নেক ছবরের সাতে * কেয়ামত দিনে আমি কহেন খোদায়। সরম করিব দেখে সেই জে বান্দায় * তারাজু করিয়া খাড়া তাহার লাগিয়া। আমালের দপ্তরে দিবোত ঝোকাইয়া * এত্তা ফেয়লাইয়া দিব নেকি আমালের। ঝকিবে নেকির পাল্লা তাহার খাতের *আবু ছইদ হিজরি এছা রওাএত করে। এলাহি আল মিন রাজি তাহার উপরে * এসব খছলত নেক নবিজি রাখিত। উটকে লইয়া আপে ঘাস খেলাইত * আরজে আরাস্তা নবি করিতেন ঘর। আর নালাইন সিইতেন পয়গম্বর*কাপড়াতে রিপু আর তালি লাগাইতো।বকরির দুধ নবি আপনি দুইতো * খানা খাইতেন নবি খাদেমের সাতে। জখন খাদেম আটা নারিতো পিশিতে * তখন পিসিত আটা নবি নাম দার। ছওদা আনিতেন নবি জাইয়া বাজার * দওলত মন্দ আর ফকিরের সাত। করিতেন মোছা ফেহা ধরিয়াজে হাত * পহেলা ছালাম আপে সবাকারে দিত। দাওত করিলে কেহু কবুল করিত * মিঠা হাসি মোবারক মুখে মোস্তফার কোরোতানি করিতেন সাতে সবাকার * বেহুদা খরচ নবি না করে কথন। বকসেস খয়রাতে সদা রাখিতেন মন * বহুতি নরম দেল ছিল পাক তনে। করিত মেহের বানি জত মোছলমানে * পেট ভরে খেয়ে কভু না ছাড়ে ঢেঁকার। তামা দিলে হাত না ফেলাতো আপনার * এসব খছলত নেক মোস্তফার ছিল। কেতাব মাফিক হিন অধিন রচিল *

—:*:—

এক চাল্লিশওা বাব সেরেকের বয়ান।

পয়ার। মছউদের ফরজন্দ আবদুল্লা নামেতে। রওাএত তিনি করিলেন এই মতে * কেহু এসে হুজুরেতে নবি মোস্তফার। পুছিলেন কহ আপে নবি নামদার * গোনাবিচে কোন

গোনা বহুতি বুরাই। আর ভারি কোন গোনা কহ আপে তাই বলিলেন রছুলোল্লা জোবানে আপনা। জত গোনা হৈতে বদ-তর সেই গোনা * আল্লার মাফিক জানা দোছোরার তরে। সরিক ঠাহরান তার খোদাইর পরে * অতেব জানহ খুব দেলে আপনার। খালেক মালেক সেই মাবুদ তোমার * আর ফরমালেন আপে নবিজি এছাই। বাঁচোহ পরহেজ কোর তোমরা সবাই * সাত চিজ সেই এছা বুড়াই খছলত। জাহাতে করিয়া ডালে হাল্লাক গারত * তামাম ছাহা বা শুনে পোছেন তখন। কোন২ সেই খোয় কহো বিবরন * এরসাদ করেন তবে দিন পয়গম্বরে। খোদার সরিক করা দোছোরার তরে * জাদু টোনা করা আর কাতল কাহায়। এলাহি হারাম কৈল মারিতে জাহায় * কিন্তু হক সাতে কারে কাতল করিলে। না হইবে গোনাগার কেতাবেতে বলে * আর এতিমের মাল খাওা দাবাইয়া। কাফেরের লড়াই হৈতে জাইবা ভাগিয়া * নেক আওরতেরে দেওা তোহমত জেনার। এই সাত গোনা মত গোনা নাহি আর * এক রোজ তামাম ছাহাবা নবিজির। খেদমত সরিফে ছিল সকলে হাজির * সেইওক্তে ফরমালেন নবিজি এভাবে। সেরা ঠাই তোমরা বয়াং করো সবে * আর ঐ হুকুমেতে করোহ একরার। না কর সরিক সাতে খোদায় তালার * কোনো চিজে খোদার মাফিক না বু-জিবে। চুরি নাহি করো বাজ জেনাতে রহিবে * রওা এত আছে মাজ রাজি আল্লা হৈতে। কহে আম ছওার জে হইয়া গাধাতে * হুজরতের হামরাইতে নেকলিয়া জাই। এক লাকড়ি ভোর ছিনু তফাত এছাই * ফরমালেন রছু-লোল্লা আমাকে তখন। সোন মাজ জান কি না সেই বিব-রন * কি হক খোদার আছে বান্দার উপরে। খল কুল্লার কিবা হক এলাহির পরে * আরজ করিনু সোন রছুল মকবুল। খোদা জানে আর জানে খোদার রছুল * তবে নবি কহি

লেন হক এলাহির। বান্দার উপরে জাহা সোন সে জিকির * এলাহিকে পোজে পোরোস্তস করে তায়। একামেতে সরিক না করে দোছরায় * এইত আল্লার হক বান্দার উপরে। খলকুল্লার হক জাহা সোন তার পরে * জে বান্দা সেরেক নাহি করিল আল্লার। শুদ্দ মনে করিলেন এবাদত তার * সে বান্দার হক এছা এলাহির পরে। না করিবে আজাব সেদ্দত তার তরে * তার পরে ফরমালেন আলাহেছালাম। আছে দুখছলত আপনার কিয়া কাম * ওয়াজেব করিয়া দিবে উপরে তাহার। পাইবে তাহার ফল হুজুরে আল্লার * কোন লোগ জিজ্ঞাসিল নবির হুজূরে। সে দুই খছলত কেয়ছা বাতাবে আমারে * তবে নবি ফরমালেন এছাই প্রকারে। জে বান্দা মরিয়া জাবে এই হাল পরে * এলাহির পোরোস্তষে পুজিতে খোদায়। দোছরার সরিক করিয়া ছিল তায় * সে বান্দা দাখেল হবে দোজখের মাজ। আর জে মরিয়া জায় কোরে এই কাজ * এলাহির সরিক না করিল কখন। এবাদত করিলেন শুদ্ধ করি মন * সে বান্দা দাখেল হবে বেহেস্ত মাঝার। নহে থোড়া দেরে জাবে হলে গোনাগার * জোবেলের বেটা মাজ রওাএত করে। কহে তিনি শুনে ছিনু নবির হুজুরে * সে বান্দা হাসরে পাবে খোদার দিদার। জে নাহি সরিক কারে করিল আল্লার * আর পাঁচ ওক্তের নামাজ জে পড়িল। মাহে রোমজানের রোজা আদায় করিল * যত গোনা মাফ আল্লা করিবে তাহার। হাসরে নছিব হবে খোদার দিদার * কহিল হজরত মাজ এছাই জিকির। আরজ করিনু আমী হুজুরে নবির * সোনহ ছরদার মেরা রছুলে খোদায়। এছা নেক কাম কিছু বাতাও আমায় * বেহেস্তের হকদার হোই আমি জাতে। আরজে রেহাই পাই দোজখ হইতে * তবে এছা ফরমালেন নবি মোস্তফায়। বড়া ভারি জিজ্ঞাসিলে

ছওাল আমায় * কিন্তু জান এই কাম বহুতি আছান। জাহাকে আছান করে পাক ছোবহান * সেই কাম এই এবাদত কর তার। পোরস্তেসে সরিক না কর দোছরার * এতক হইয়া গেল কেতাব তামাম। আমিন আমিন কহ জতেক এছলাম * হিন মনিরদ্দি কহে জোনাবে সবার। হাদিছ তামাম হৈল লোবাবল আখবার *

সমাপ্ত।

—ঃ*ঃ—

শ্রীকছিমদ্দিন মহাম্মদ দ্বারা মুদ্রিত।

সূচীপত্র সমাপ্ত।

লালনগীতি

মনিরুদ্দিন আহমদ

বাংলা একাডেমী ঢাকা